হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-১৮৯ ঃ মেহেরপুর- শুক্রবার ১৮ জুলাই ২০২৫ ইং ঃ ৩ শ্রাবণ ১৪৩২ বাংলা ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা



পশুপ্রেম থেকে পরিশুদ্ধ জীবনে মিমি চক্রবর্তী -পৃষ্ঠা-৩

### মেহেরপুরের নারী উদ্যোক্তাদের সংগ্রাম

# সাফল্য ও নতুন দিগন্ত



নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা, যাকে অনেকেই এখনও সম্ভাবনার অজানা ধনাখেজুর হিসেবে দেখেন, সেখানে আজ নারীরা নিজ উদ্যোগে নিজেদের জীবন ও সমাজের চিত্র বদলে দিচ্ছেন। তারা শুধু অর্থ উপার্জন করছেন না, বরং নিজেরা হয়ে উঠছেন অর্থনৈতিক ও সামাজিক পরিবর্তনের অন্যতম চালিকাশক্তি। গ্রামের ধানক্ষেত থেকে শুরু করে ডিজিটাল বিশ্বের পণ্যমেলায়, মেহেরপুরের নারীরা এখন নিজেদের দক্ষতা, সাহস ও সৃজনশীলতার দ্বারা নতুন অধ্যায় লিখছেন।মেহেরপুরের নারী উদ্যোক্তারা নানা প্রতিবন্ধকতা পেরিয়ে স্বপ্ন বাস্তবায়ন করছেন, সমাজে অনুপ্রেরণা সৃষ্টি করছেন, এবং নতুন সম্ভাবনার দরজা খুলে দিচ্ছেন।

ছালেহা খাতুন: মেহেরপুর সদর উপজেলার ছালেহা খাতুনের জীবন যাত্রার শুরুটা খুবই সাধারণ। পরিবারের আর্থিক অবস্থা সীমিত, শিক্ষাগত সুযোগও কম ছিল। কিন্তু কৃষিতে কিছু ভিন্ন করার তাগিদ তাকে জিরা চাষে নামার অনুপ্রেরণা দেয়। ছালেহা খাতুন বলেন,"আমার মনে হয়েছিল, শুধু ধান-গম চাষ করে তো আমরা উন্নতি করতে পারব না। কিছু নতুন ফসল নিয়ে আসতে হবে," । তিনি স্থানীয় কৃষি অফিস থেকে পরামর্শ নিয়ে নিজ উদ্যোগে জিরা চাষ শুরু করেন। চ্যালেঞ্জ ছিল অনেক। অর্থ সংগ্রহ, বীজের সঠিক নির্বাচন, সেচ ও পরিচর্যার জটিলতা। তবে ধৈর্য ও অক্লান্ত পরিশ্রমে তার ক্ষেত এখন জিরার সুবাসে ভরে উঠেছে। "যখন দেখলাম আমার ফসল সফল হচ্ছে, তখন আমি শুধু নিজের জন্য নয়, এলাকার নারীদের জন্যও উদ্ভাবন করতে শুরু করলাম," বলেন তিনি। এখন ছালেহা স্থানীয় নারী কৃষকদের জন্য নিয়মিত প্রশিক্ষণও দেন।

রাশিদা খাতুন: মুজিবনগর উপজেলার জয়পুর গ্রামের রাশিদা খাতুন মেয়ের শখ পূরণ করতে যখন স্ট্রবেরি চাষ শুরু করেন, তখন অনেকেই মনে করতেন এটি সফল হবে না। কারণ এই এলাকায় স্ট্রবেরি চাষ ছিল অজানা বিষয়। "শুরুতে আমার অনেক ক্ষতি হয়েছিল, তবে আমি হাল ছাড়িনি," বললেন রাশিদা। তিনি

২-এর পৃষ্ঠা দেখুন



# পিছিয়ে পড়া মেহেরপুরকে এগিয়ে নিতে আজ আসছেন মনির হায়দার

নিজস্ব প্রতিবেদক

পিছিয়ে পড়া মেহেরপুরের উন্নয়নে দুই দিনের সরকারি সফরে আজ মেহেরপুর আসছেন প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দার। প্রধান উপদেষ্টার কার্যালয়ের একান্ত সচিব মোহাম্মদ মামুন শিবলীর স্বাক্ষরিত এক পত্রে এ তথ্য জানানো হয়েছে। মনির হায়দার শুক্রবার সকাল ৬টায় ঢাকার বাসভবন থেকে সড়ক পথে মেহেরপুরের উদ্দেশে রওনা দেবেন। সকাল ১১টায় তিনি মেহেরপুর সার্কিট হাউসে উপস্থিত হবেন। বিকাল ৩টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলার তৃণমূল মানুষের উন্নয়নের বিভিন্ন বিষয় নিয়ে জেলার সকল এনজিও প্রধানদের সঙ্গে মতবিনিময় করবেন। এরপর বিকাল ৫টা ৩০ মিনিটে সার্কিট হাউসে কৃষিক্ষেত্র বিশেষ করে চলমান অতিবৃষ্টির প্রভাব, সেচ কাজে গভীর ও অগভীর নলকূপের প্রয়োজনীয়তা, বৃহৎ কৃষি খাওরের গুরুত্ব এবং কৃষি ঋণায়ণের করণীয় বিষয়ে মাঠ পর্যায়ের কৃষি ও বৃহৎ খামারের

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে বাজুসের ৬০ তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

নিজস্ব প্রতিবেদক

আলোচনা সভা ও কেক কাটার মধ্য দিয়ে মেহেরপুর জুয়েলাস অ্যাসোসিয়েশন (বাজুস) এর ৬০ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। আজ বৃহস্পতিবার( ১৭ জুলাই) দুপুরে ১২ টার দিকে মেহেরপুর বাজুসের জেলা শাখার অফিস কার্যালয়ে এ অনুষ্ঠান শুরু

২-এর পৃষ্ঠা দেখুন

## মোহাম্মদপুরে ১ ঘণ্টার ব্যবধানে দুই খুন, এলাকায় চরম আতঙ্ক

সূর্যোদয় প্রতিবেদন

রাজধানীর মোহাম্মদপুর ও আদাবর এলাকায় মাত্র এক ঘণ্টার ব্যবধানে দুটি নির্মম হত্যাকাণ্ডের ঘটনা ঘটেছে। বুধবার (১৬ জুলাই) রাত ৮টা থেকে ৯টার মধ্যে এ ঘটনা ঘটে। নিহত দুইজন হলেনড়ইব্রাহিম (৩২) ও আল আমিন (২৭)। এই ঘটনায় পুরো মোহাম্মদপুর-আদাবর জুড়ে চরম উত্তেজনা ও আতঙ্ক ছড়িয়ে পড়েছে। প্রথম ঘটনা ঘটে রাত ৮টার দিকে মোহাম্মদপুর নবোদয় হাউজিং এলাকায়। স্থানীয় সূত্র জানায়, বায়তুল মামুর জামে মসজিদের সামনে একটি সালিশ বৈঠক

২-এর পৃষ্ঠা দেখুন



## '২৪-এর রঙে' গ্রাফিতি ও চিত্রাংকন প্রতিযোগিতা উদ্বোধন

মেহেরপুর প্রতিনিধি

জুলাই গণঅভ্যুত্থান বর্ষপূর্তি উপলক্ষে মেহেরপুরে শুরু হয়েছে '২৪-এর রঙে' শীর্ষক গ্রাফিতি ও চিত্রাংকন প্রতিযোগিতা। উপজেলা পর্যায়ে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, কারিগরি ও মাদ্রাসা শিক্ষার্থীদের অংশগ্রহণে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হচ্ছে। বৃহস্পতিবার সকালে কবি নজরুল শিক্ষা মঞ্জিল প্রাঙ্গণে প্রতিযোগিতার উদ্বোধন করেন মেহেরপুর সদর

২-এর পৃষ্ঠা দেখুন

## প্রধান উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ করলেন সোহেল তাজ

সূর্যোদয় প্রতিবেদন

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ডঃ মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করেছেন দেশের প্রথম প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদের ছেলে তানজিম আহমেদ সোহেল তাজ। আজ বৃহস্পতিবার প্রধান উপদেষ্টার বাসভবনে সাক্ষাৎ করেন তিনি। এ সময় সোহেল তাজের বড় বোন শারমিন আহমেদ রিমি তার সঙ্গে ছিলেন। তাদের সাক্ষাতের বিষয়টি নিশ্চিত করেছেন প্রধান উপদেষ্টার প্রেসসচিব শফিকুল আলম। সাক্ষাতের বিষয়টি প্রধান উপদেষ্টার প্রেসসচিব শফিকুল

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে টানা বৃষ্টিতে সড়কে ভাঙন যান চলাচলে চরম ঝুঁকি

গাংনী প্রতিনিধি

গত কয়েক দিনের টানা বর্ষণে মেহেরপুরের গাংনী উপজেলার বিভিন্ন সড়কে ব্যাপক ভাঙন দেখা দিয়েছে। বিশেষ করে ভবানীপুর, হেমায়েতপুর, শিলনগর, ও বাঁশবাড়িয়া এলাকাগুলোর আঞ্চলিক ও গ্রামীণ সড়কগুলো সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। এসব সড়কে বড় বড় গর্ত, পাশের মাটি ধস এবং কার্পেটিং উঠে গিয়ে সড়ক অচল প্রায়।

২-এর পৃষ্ঠা দেখুন



## মুজিবনগরে শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করলেন জেলা প্রশাসক

মুজিবনগর প্রতিনিধি

মেহেরপুর জেলা প্রশাসক শিফাত মেহেনাজ বৃহস্পতিবার মুজিবনগর উপজেলার দুটি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করেছেন। শিক্ষার মানোন্নয়ন এবং শিক্ষার্থীদের সঙ্গে সরাসরি মতবিনিময় করার উদ্দেশ্যে তিনি এই পরিদর্শন কার্যক্রমে অংশগ্রহণ করেন।

সকাল ১১টার দিকে জেলা প্রশাসক প্রথমে শিবপুর আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ে এবং পরে ভবানীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে উপস্থিত হন। তিনি উভয় প্রতিষ্ঠানে শিক্ষাদানের পরিবেশ খতিয়ে দেখেন এবং

২-এর পৃষ্ঠা দেখুন

## গোপালগঞ্জে জুলাই গণ-অভ্যুত্থানের পতাকা উড়বে নাহিদ ইসলাম

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম এক বিবৃতিতে বলেছেন, গোপালগঞ্জের প্রতিটি ঘরে জুলাই গণঅভ্যুত্থানের পতাকা উড়বে। বৃহস্পতিবার দুপুরে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি এই মন্তব্য করেন। নাহিদ ইসলাম বলেন, "গোপালগঞ্জ নিয়ে আমাদের অবস্থান গতকালের বক্তব্যেই পরিষ্কার বলা হয়েছে। পুরো বাংলাদেশের প্রতি আমাদের যে কমিটমেন্ট, গোপালগঞ্জের প্রতিও আমাদের সে কমিটমেন্ট।"তিনি অভিযোগ করেন, গোপালগঞ্জের

২-এর পৃষ্ঠা দেখুন



## দরিদ্র শিক্ষার্থী ও কৃষকদের পাশে মুজিবনগর উপজেলা প্রশাসন

মুজিবনগর প্রতিনিধি

মেহেরপুরের মুজিবনগরে বিভিন্ন শ্রেণির উপকারভোগীদের মাঝে উপকরণ সামগ্রী বিতরণ করেছে উপজেলা প্রশাসন।২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় গতকাল বৃহস্পতিবার (১৭ জুলাই) উপজেলা পরিষদ প্রাঙ্গণে এ উপকরণ বিতরণ কার্যক্রম অনুষ্ঠিত হয়। মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এসব সামগ্রী উপকারভোগীদের হাতে তুলে দেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সহকারী কমিশনার

২-এর পৃষ্ঠা দেখুন



## ছাত্রলীগ নেতার হুমকি, অনলাইন অ্যাক্টিভিস্টের জিডি

ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহে জুলাই আন্দোলনের সময়কার ছাত্রলীগ ও যুবলীগের হামলার ভিডিও ফেসবুকে প্রচার করায় অনলাইন অ্যাক্টিভিস্ট শিমুল হোসেনকে গুলি করে হত্যার হুমকি দিয়েছেন ছাত্রলীগের ঝিনাইদহ জেলা শাখার নিষিদ্ধঘোষিত সভাপতি সজিব হোসেন।

২-এর পৃষ্ঠা দেখুন




## গাংনীতে কুরআনের আলো ছড়াল ২৬ প্রতিযোগী

গাংনী প্রতিনিধি

মেহেরপুরের গাংনীতে অনুষ্ঠিত হয়েছে জেলা পর্যায়ে জাতীয় হিফজুল কুরআন প্রতিযোগিতা-২০২৫-এর বাছাইপর্ব। বৃহস্পতিবার (১৭ জুলাই) দুপুরে গাংনীর নুর মোহাম্মদ রাবেয়া দারুল উলুম হাফিজিয়া মাদ্রাসায় এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

আহলুস্ সুন্নাহ হুফ্ফাজ ফাউন্ডেশন বাংলাদেশ-এর উদ্যোগে জেলার বিভিন্ন কওমি মাদ্রাসার শিক্ষার্থীদের নিয়ে আয়োজিত এই

২-এর পৃষ্ঠা দেখুন

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর (মেহেরপুর সড়ক এক মৃত্যুপুরী)

মেহেরপুর হলো মৃত্যুপুরী
যান চলাচলের সড়কে
তাজা প্রাণ লাশ হলো
ঠেকলো গিয়ে ছয় মাসে একুশে।
সড়কপথে চলতে হলে
ট্রাফিক আইন হবে মানতে
তবেই দেখবে মৃত্যুর ঝুঁকি
কিছুটা হলেও কমবে।
আইন আছে প্রয়োগ নাই
এটাই বড় বাধা
আইন করে মামলা দিয়ে
দেওয়া যেত যাবজ্জীবন সাজা ।




## গাংনীতে জামায়াতের মিছিল

গাংনী প্রতিনিধি

আসন্ন জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের লক্ষ্যে ৭ দফা দাবি আদায়, গোপালগঞ্জে জামায়াতের নেতা-কর্মীদের ওপর হামলার প্রতিবাদ এবং ঢাকায় কেন্দ্রীয় সমাবেশকে স্বাগত জানিয়ে মেহেরপুরের গাংনীতে বিক্ষোভ মিছিল করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। গতকাল বৃহস্পতিবার (১৭ জুলাই) বিকেলে গাংনী উপজেলা জামায়াতের উদ্যোগে এই মিছিল অনুষ্ঠিত হয়। গাংনী

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে কিশোরীদের মাঝে উপকরণ বিতরণ

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের (বিআরডিবি) উদ্যোগে মেহেরপুর সদর উপজেলায় দরিদ্র ও সুবিধাবঞ্চিত কিশোরীদের আত্মনির্ভরশীল করে তোলার লক্ষ্যে "সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প

২-এর পৃষ্ঠা দেখুন

## যুক্তরাজ্যে বেকারত্ব বেড়ে ৪ বছরের মধ্যে সর্বোচ্চ

সূর্যোদয় প্রতিবেদন

রাজধানী লন্ডন থেকে: যুক্তরাজ্যে বেকারত্বের হার বেড়ে দাঁড়িয়েছে ৪.৭ শতাংশে, যা গত চার বছরের মধ্যে সর্বোচ্চ পর্যায়। দেশের জাতীয় পরিসংখ্যান অফিস গতকাল বৃহস্পতিবার (১৭ জুলাই) এ তথ্য প্রকাশ করে।মার্চ থেকে মে পর্যন্ত তিন মাসে এই হারের বৃদ্ধি লক্ষ করা গেছে, যেখানে পূর্ববর্তী তিন মাসের তুলনায় ০.১ শতাংশ পয়েন্ট বৃদ্ধি হয়েছে। বিশেষজ্ঞরা বলছেন, কর বৃদ্ধির পাশাপাশি মার্কিন শুল্ক আরোপের চাপ যুক্তরাজ্যের ব্যবসা ও শ্রমবাজারে নেতিবাচক প্রভাব ফেলেছে।

২-এর পৃষ্ঠা দেখুন



এনসিপির পদযাত্রায় হামলার প্রতিবাদে

## চুয়াডাঙ্গায় ছাত্র-জনতা মশাল মিছিল করেছে

চুয়াডাঙ্গা প্রতিনিধি

মঙ্গলবার (১৫ জুলাই) রাত ৯টার দিকে চুয়াডাঙ্গা সরকারি কলেজ থেকে মিছিলটি শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে শহীদ হাসান চত্বরে গিয়ে শেষ হয়।

২-এর পৃষ্ঠা দেখুন

সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজ
স্বপ্ন অধ্যয়ন অধ্যবসায়
স্থাপিতঃ-২০১৮
গাংনী, মেহেরপুর

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ শুক্রবার ॥ ৩ শ্রাবণ ১৪৩২ বাংলা ॥ ১৮ জুলাই ২০২৫ইং







# মেহেরপুরে জেলা যুবদলের পাল্টাপাল্টি বিক্ষোভ

মেহেরপুর প্রতিনিধি

অন্তর্বর্তীকালীন সরকারের নির্লিপ্ততায় সারা দেশে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতিতে কেন্দ্রীয় ঘোষিত কর্মসুচির অংশ হিসাবে মেহেরপুর জেলা যুবদল পাল্টাপাল্টি কর্মসুচি পালন করেছে। বৃহস্পতিবার বিকালে মেহেরপুর সড়ক বিভাগের সামনে থেকে জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদের নেতৃত্বে একটি মিছিল বের হয়। মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা বিএনপির কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়। অপরদিকে একই সময় জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাউছার আলীর নেতৃত্বে মেহেরপুর পাথর গেটের সামনে থেকে আর একটি মিছিল বের হয়। মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে কলেজ মোড়ে এসে শেষ হয়।

জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদের নেতৃত্বের মিছিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও মেহেরপুর ১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাস, জেলা যুবদলের সহ-সভাপতি বাবু সাবের, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক মেহেদী হাসান রোকন, যুগ্ম সাধারণ সম্পাদক সাইদুর রহমান সুজন, সহ-সাধারণ সম্পাদক শামীম রেজা, স্বাস্থ্য বিষয়ক সম্পাদক ইসমাইল হোসেন, পৌর যুবদলের সদস্য সচিব নওশেল আহমেদ রনি, জেলা তাঁতি দলের সাধারণ সম্পাদক মাহমুদুল হাসান জুয়েল প্রমুখ। অপরদিকে জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাউছার আলীর নেতৃত্বের মিছিলে উপস্থিত ছিলেন জেলা যুবদলের সহ-সভাপতি মোশাররফ তপু, এস এ খান শিল্টু, জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক আসাদুল ইসলাম, সদর থানা যুবদলের আহ্বায়ক লিয়াকত আলী, সদর থানা যুবদলের যুগ্ম আহ্বায়ক সাহিদুল ইসলাম, যুবদল সদস্য

৩-এর পৃষ্ঠা দেখুন

স্বাস্থ্য



## ডায়াবেটিস রোগীর কাঁধে ব্যথা

সূর্যোদয় প্রতিবেদন

বয়স্ক ডায়াবেটিস রোগীদের বেশির ভাগই কাঁধের ব্যথায় ভুগে থাকেন। যার মূল কারণ অ্যাডহেসিভ ক্যাপসুলাইটিস, যা পরবর্তী সময়ে কাঁধের জয়েন্টকে শক্ত করে ফেলে। যার ফলে ক্রমান্বয়ে রোগী হাত ওপরে উঠাতে পারে না, পিঠের দিকে নিতে পারে না। কারণ : এটি অনেক কারণে হতে পারে। যেমন- (১) হাত দিয়ে ভারী কিছু উঠাতে গিয়ে একটু ব্যথা পেয়েছে কিন্তু অতটা গুরুত্ব দেওয়া হয়নি। পরবর্তী সময়ে দেখা যাচ্ছে ক্রমান্বয়ে কাঁধের ব্যথা বাড়ছে, পাশাপাশি কাঁধের মুভমেন্ট কমে যাচ্ছে। (২) দেখা যায় রোগীর সারভাইক্যাল স্পনডাইলোসিস বা ঘাড়ের ক্ষয় রোগ আছে যার ফলে ঘাড় থেকে হাতে ব্যথা চলে আসে এবং এ ব্যথার কারণে রোগী হাতের নড়াচড়া কমিয়ে দেয় এবং ক্রমান্বয়ে জয়েন্টটি শক্ত হয়ে যায়। (৩) ভ্রমণের সময় বাসে কিংবা গাড়িতে এক বড় ধরনের ব্রেক করা হলে যাত্রী তার ব্যক্তিগত সাপোর্টের জন্য হাত দিয়ে শক্ত করে গাড়ির হাতল ধরে থাকে এবং ব্যথা পায়, যা পরবর্তী সময়ে কাঁধ ব্যথার কারণ হয়ে থাকে। (৪) তা ছাড়াও বয়স ৪০-এর ওপর হলে যেমন আমাদের ডিজেনারেটিভ প্রবলেম শুরু হয় তেমনই জয়েন্টের অভ্যন্তরীণ সাইনোভিয়াল ফ্লুইড কমে যেতে থাকে। তার ফলে কাঁধে ব্যথা হতে পারে। করণীয় : ডায়াবেটিস আক্রান্ত ব্যক্তিদের ব্যথানাশক ওষুধ যথাসম্ভব পরিহার করা উচিত। তবে মাংসপেশি রিলাক্স করতে মাসল রিলাক্সেন-জাতীয় ওষুধের প্রয়োজন। পাশাপাশি রোগীর সমস্যা সমাধানে প্রয়োজন সঠিক ও সময়

৩-এর পৃষ্ঠা দেখুন




## ১০ মাসে ১৭ বছরের চেয়ে বেশি ক্ষতি হয়েছে, দাবি বিএনপি নেতার

সূর্যোদয় প্রতিবেদন

বর্তমান অন্তর্বর্তী সরকার বিগত ১০ মাসে দেশের যে ক্ষতি করেছে, তা গত ১৭ বছরের যে কোনো ৩-এর পৃষ্ঠা দেখুন

## গোপালগঞ্জে হামলার ঘটনা 'নির্বাচন পেছানোর নতুন ষড়যন্ত্র'- জয়নুল আবদিন ফারুক

সূর্যোদয় প্রতিবেদন



গোপালগঞ্জে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সমাবেশে হামলা ও প্রাণহানির ঘটনাকে কেন্দ্র করে নির্বাচন নিয়ে নতুন ষড়যন্ত্র শুরু হয়েছে বলে মন্তব্য করেছেন বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা ও সাবেক সংসদ সদস্য জয়নুল আবদিন ফারুক। তিনি বলেন, "গতকাল গোপালগঞ্জে যে বর্বরোচিত হামলা ও হত্যাকাণ্ড ঘটেছে, তা শুধু একটি রাজনৈতিক দলের ওপর আঘাত নয় এটি বাংলাদেশের নির্বাচন ব্যবস্থার ওপর সরাসরি আঘাত। এটি নির্বাচন পেছানোর একটি সুপরিকল্পিত ষড়যন্ত্র।" বৃহস্পতিবার (১৭ জুলাই) দুপুরে

৩-এর পৃষ্ঠা দেখুন

## যে পদ্ধতিতে '১ জিবি ফ্রি ইন্টারনেট' পাবেন গ্রাহকরা

সূর্যোদয় প্রতিবেদন

গণঅভ্যুত্থান দিবস উপলক্ষ্যে আগামী ১৮ জুলাই (শুক্রবার) 'ফ্রি ইন্টারনেট ডে' ঘোষণা করেছে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ। দিনটিকে স্মরণীয় করে রাখতে এবং জনসাধারণের অংশগ্রহণ বাড়াতে দেশের সব মোবাইল ফোন গ্রাহককে ৫ দিন মেয়াদি ১ জিবি ফ্রি ইন্টারনেট ডাটা দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সে অনুযায়ী বাংলাদেশ

৩-এর পৃষ্ঠা দেখুন




## ২২৩ আসনে প্রার্থী ঘোষণা করলো খেলাফত মজলিস

সূর্যোদয় প্রতিবেদন

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে ২২৩ আসনে প্রার্থী ঘোষণা করেছে বাংলাদেশ খেলাফত মজলিস। বৃহস্পতিবার (১৭ জুলাই) দুপুরে রাজধানীর পুরানা পল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে প্রার্থীদের নাম ঘোষণা করেন দলটির আমির মাওলানা মামুনুল হক। এ সময় তিনি বলেন, আসন্ন নির্বাচনে আমরা দ্বিকক্ষীয় সংসদের পক্ষে অবস্থান নিয়েছি। যেখানে নিম্নকক্ষে আংশিক অনুপাতিক এবং উচ্চকক্ষে পূর্ণ অনুপাতিক প্রতিনিধিত্ব থাকবে। এটি সব শ্রেণি ও মতধারার প্রতিনিধিত্ব নিশ্চিত করতে পারে এবং দেশে রাজনৈতিক স্থিতিশীলতা ফিরিয়ে আনবে। একদলীয় একচ্ছত্র শাসনব্যবস্থা জনগণের ইচ্ছার প্রতিফলন ঘটাতে ব্যর্থ। তাই আমরা বিশ্বাস করি, অনুপাতিক পদ্ধতির সাংবিধানিক কাঠামোই সময়ের দাবি। সংবাদ সম্মেলনে মামুনুল হক গোপালগঞ্জে এনসিপির কর্মসূচিতে আওয়ামী লীগের নেতাকর্মীদের হামলার তীব্র নিন্দা

৩-এর পৃষ্ঠা দেখুন

## থামল মেসির গোলের ধারাবাহিকতা, ৫ ম্যাচ পর হেরেছে মায়ামি

সূর্যোদয় প্রতিবেদন

যুক্তরাষ্ট্রের মেজর লীগ সকারে (এমএলএস) একের পর এক ম্যাচে গোলের ধারাবাহিকতা গড়ে চলা লিওনেল মেসির পথচলা আজ থেমে গেল। আর্জেন্টাইন মহাতারকার দল ইন্টার মায়ামি হেরেছে সিনসিনাটির কাছে ৩-০ গোলে। এর ফলে মায়ামি টানা চার ম্যাচের জয় এবং এক ড্রয়ের পর প্রথমবারের মতো পরাজিত হল। সিনসিনাটির টিকিউএল স্টেডিয়ামে ম্যাচে স্বাগতিকরা বেশ আক্রমণাত্মক খেলায় ১১টি শটের মধ্যে ৬টি লক্ষ্যে রাখতে সক্ষম হয়। মায়ামির পক্ষ থেকে মাত্র ১০টি শটের মধ্যে দুইটি শট লক্ষ্যভেদ করে। ম্যাচের ১৬তম মিনিটে জেরার্দো ভ্যালেনজুয়েলা গোল করে সিনসিনাটিকে এগিয়ে দেন। বিরতির আগে আর কোনো গোল না হওয়ায় বিরতিতে ১-০ নিয়ে যায় তারা। মাঠে ফেরার পাঁচ মিনিটের

৩-এর পৃষ্ঠা দেখুন



## রাবিতে আওয়ামী লীগপন্থী তিন কর্মকর্তা পুলিশের হাতে দিলেন

সূর্যোদয় প্রতিবেদন

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) আওয়ামী লীগপন্থী তিন কর্মকর্তাকে পুলিশের হাতে তুলে দিয়েছেন স্থানীয় কিছু সাবেক শিক্ষার্থী। বৃহস্পতিবার (১৭ জুলাই) দুপুরে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে তাঁদের

৩-এর পৃষ্ঠা দেখুন



## টি-টোয়েন্টি সিরিজ জিতে শ্রীলঙ্কা থেকে ঢাকায় ফিরল বাংলাদেশ দল

সূর্যোদয় প্রতিবেদন

শ্রীলঙ্কা সফরের তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজে ২-১ ব্যবধানে জয় তুলে নিয়ে দেশে ফিরেছে বাংলাদেশ ক্রিকেট দল। গতকাল সিরিজের শেষ ম্যাচে ৮ উইকেটের জয় নিয়ে প্রথমবারের মতো সীমিত ওভারের

৩-এর পৃষ্ঠা দেখুন

## ইসরাইলকে মার্কিন 'শিকলে বাঁধা কুকুর' বলে খামেনির হুঁশিয়ারি

সূর্যোদয় প্রতিবেদন

ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলি খামেনি ইসরাইলকে যুক্তরাষ্ট্রের 'শিকলে বাঁধা কুকুর' হিসেবে উল্লেখ করেছেন। তাঁর এই বর্ণনা মূলত ইসরাইলকে মার্কিন নীতি ও কৌশলের একটি হাতিয়ার হিসেবে দেখানোর ইঙ্গিত বহন করে। খামেনি বলেন, ইরান যুক্তরাষ্ট্র ও ইসরাইলের সঙ্গে মুখোমুখি হওয়ার জন্য সবসময় প্রস্তুত। গত মাসে ইসরাইল ইরানের পারমাণবিক স্থাপনা এবং সামরিক অবকাঠামোর ওপর হামলা চালায়। একই সময়

৩-এর পৃষ্ঠা দেখুন

## পাঞ্জাবজুড়ে ভয়াবহ বন্যা জরুরি অবস্থা ঘোষণা

সূর্যোদয় প্রতিবেদন

পাকিস্তানের পাঞ্জাব প্রদেশের বিভিন্ন জেলায় ভারী বৃষ্টির ফলে সৃষ্ট আকস্মিক বন্যায় জরুরি অবস্থা ঘোষণা করা হয়েছে। বৃহস্পতিবার পানি ও পয়ঃনিষ্কাশন সংস্থার (ওয়াসা) মুখপাত্র এ তথ্য নিশ্চিত করেছেন। মঙ্গলবার থেকে বুধবার পর্যন্ত ভারী বৃষ্টি ও ঝড়ে কমপক্ষে ২৮ জন নিহত এবং ৯০ জন আহত হয়েছেন সেখানে। আবহাওয়া অধিদপ্তর (পিএমডি) সোমবার জানায়, ১৭ই জুলাই পর্যন্ত সারা দেশে বজ্রসহ প্রবল বৃষ্টিপাত হবে। জুন থেকে

৩-এর পৃষ্ঠা দেখুন

শর্মা ফুড প্লাজা

বাদল ফেন্সি মার্কেট, প্রধানসড়ক, মেহেরপুর।

মোবাইল : ০১৩০৯- ৯১৯১৩৩

অ্যাপিটাজার, স্যান্ডউইচ, বার্গার, সসেজ, চাউমিন এন্ড নুডলস, স্পেশাল ডাম্পলিংস. ফ্রাই বক্স, মিট বক্স এড, পাস্তা, সালাদ, ফ্যামেলি প্যাক, পিজা, ডিসার্ট আইটেম, নাসোজ. শর্মা রোল,

ফ্যামলি প্যাকেজস, সেট মেনু, শেক, মোজিটা, কোল্ড এন্ড কফি, কম্বো, রাইস বল আইটেম, বিরানি নান গ্রীল, ছাড়াও এখানে সব ধরনের কাচ্ছি পাওয়া যায়।





এখানে মনোরম পরিবেশে বিভিন্ন ধরনের সেমিনার, জন্মদিনের পার্টি ও বিবাহ বার্ষিকী অনুষ্ঠানের বিশেষ সুবিধা আছে।

প্রযুক্তি

## বিদেশি নম্বর থেকে ফোন, প্রতারণার জালে পড়ছেন অনেকেই

সূর্যোদয় প্রতিবেদন




সম্প্রতি মেহেরপুরসহ দেশের বিভিন্ন এলাকায় অনেকেই অচেনা বিদেশি নম্বর থেকে ফোন পাচ্ছেন। এসব নম্বরের বেশিরভাগই আসে যুক্তরাষ্ট্র, পাকিস্তান, ইরান, ইন্দোনেশিয়া বা ভিয়েতনামের মতো দেশ থেকে। প্রথমে মিসড কল দেওয়া হয়, এরপর ফোন ধরলেই বলা হয়, আপনি লটারি জিতেছেন, বিদেশে চাকরি পেয়েছেন, বা আপনার নামে কুরিয়ার এসেছে। আসলে এসব কিছুই প্রতারণার ফাঁদ। বিশেষজ্ঞদের মতে, আন্তর্জাতিক প্রতারকচক্র এই কাজের সঙ্গে জড়িত। তারা ফোন বা মেসেজের মাধ্যমে আপনার ব্যক্তিগত তথ্য, বিকাশ বা ব্যাংক অ্যাকাউন্ট নম্বর, এমনকি ফেসবুক পাসওয়ার্ডও হাতিয়ে নেওয়ার চেষ্টা করে। একবার যদি তথ্য তাদের হাতে চলে যায়, তাহলে আপনার অর্থ ও পরিচয় দুটোই ঝুঁকিতে পড়বে। কীভাবে প্রতারণা চালায়? প্রথমে মিসড কল দেয়, যাতে আপনি কল ব্যাক করেন। চাকরি, লটারি বা পুরস্কারের লোভ দেখায়।

মায়ের হাসি ক্লিনিক

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর

পরীক্ষাসমূহ ✓ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✓ এক্স-রে ✓ আল্ট্রাসনোগ্রাফি ✓ হরমন এনালাইসিস ✓ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✓ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✓ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫

মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

নিয়মিত রোগী দেখেন

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। ( শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

## ডায়াবেটিস রোগীর কাঁধে ব্যথা

উপযোগী ফিজিওথেরাপি চিকিৎসা। এ ছাড়া কিছু ইলেকট্রোথেরাপিউটিক এজেন্ট যেমন : আল্ট্রাসাউন্ড থেরাপি, মাইক্রোওয়েভ ডায়াথেরাপি ও ম্যানুয়াল থেরাপির মধ্যে স্লোল্ডার মোবিলাইজেশন এক্সারসাইজ ও ম্যানুপুলেশন থেরাপি উপকারী।।

## ১০ মাসে ১৭ বছরের চেয়ে বেশি

সময়ের চেয়ে ভয়াবহ বলে দাবি করেছেন বিএনপির কেন্দ্রীয় কমিটির সহ-যুব বিষয়ক সম্পাদক মীর নেওয়াজ আলী নেওয়াজ। তিনি এই সরকারকে 'জামায়াত ও ছাত্রদের সরকার' বলেও উল্লেখ করেন। বুধবার (১৬ জুলাই) দুপুরে রাজধানীর আজিমপুরে ঐতিহ্যবাহী ছাপড়া মসজিদের সামনে আয়োজিত এক বিক্ষোভ সমাবেশে তিনি এসব কথা বলেন। মীর নেওয়াজ আলী বলেন,"বিগত ১৭ বছরে দেশের যতটা ক্ষতি হয়েছে, এই সরকার মাত্র ১০ মাসে তার চেয়েও বেশি ক্ষতি করেছে। আইনশৃঙ্খলা ভেঙে পড়েছে, সাধারণ মানুষ নিরাপত্তাহীনতায় ভুগছে। অথচ তাদের দায়িত্ব ছিল নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে জনগণের হাতে ক্ষমতা হস্তান্তর করা। কিন্তু জামায়াত ও এনসিপির প্রভাবে আজ নির্বাচন প্রশ্নবিদ্ধ হয়ে পড়েছে।"তিনি আরও বলেন,"এ সরকার জনগণের স্পন্দন বুঝতে ব্যর্থ। তারা গণতন্ত্রের বিরুদ্ধে অবস্থান নিয়েছে। এই ষড়যন্ত্র রুখে দিতে সবাইকে ঐক্যবদ্ধ হতে হবে। তারেক রহমান আজ দেশের গণতন্ত্র পুনরুদ্ধারের প্রতীক। তার বিরুদ্ধে ষড়যন্ত্রকারীদের প্রতিহত করতে হবে।" বিক্ষোভ সমাবেশে আরও উপস্থিত ছিলেন সাবেক কাউন্সিলর মীর আশরাফ আলী, আনোয়ার পারভেজ বাদল, সাবেক কমিশনার আজম, গোলাম সারোয়ার শামীম, সায়েম হোসেন জাজ্জু, মাইজুদ্দিন মাইজু, ইকবাল হোসেন স্বপন, যুবাল ইউসুফ আলী, মোতাহার হোসেন বাবুল, মোরশেদুর রহমান জনি, আরমান হোসেন বাদল ও আমিনুল ইসলাম স্বপন প্রমুখ।

## জয়নুল আবদিন ফারুক

জাতীয় প্রেস ক্লাবের সামনে জাসাস আয়োজিত মানববন্ধনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এই কর্মসূচির আয়োজন করা হয় বিএনপির প্রতিষ্ঠাতা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ছবি অবমাননা এবং ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে নিয়ে সরকারের মন্ত্রী ও উপদেষ্টাদের "অশালীন ও কটূক্তিপূর্ণ" বক্তব্যের প্রতিবাদে। তারেক রহমানের সঙ্গে লন্ডনে নির্বাচন নিয়ে আলোচনা শুরুর পরপরই দেশে গোপন ষড়যন্ত্র শুরু হয়েছে বলে অভিযোগ করে তিনি বলেন, "যখনই লন্ডনে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের সঙ্গে নির্বাচন বিষয়ে আলোচনার খবর এসেছে, তখনই একপক্ষ দেশে অস্থিরতা সৃষ্টির লক্ষ্যে হামলা-সহিংসতা শুরু করেছে। গতকালের হামলাও সেই ষড়যন্ত্রেরই অংশ। এটা যেন আবারও ২০১৪ বা ২০১৮ সালের পুনরাবৃত্তি না হয়।" সরকারের কঠোর সমালোচনা করে জয়নুল বলেন,"আওয়ামী লীগের আমলে এক লাখ পুলিশ নিয়োগ হয়েছে। তারা এখনো স্বপদে বহাল। প্রশাসনের গুরুত্বপূর্ণ পদে এখনো আওয়ামী লীগের দোসররা বহাল তবিয়তে আছে। প্রশ্ন হলোড় গতকালের হামলাকারী কারা? তারা কীভাবে এই ঘটনা ঘটাল?" সরকার এক বছরের বেশি সময় ক্ষমতায় রয়েছে, অথচ এখনো একটি গ্রহণযোগ্য নির্বাচন দিতে ব্যর্থ হয়েছে।

## ২২৩ আসনে প্রার্থী ঘোষণা করলো

জানান। তিনি বলেন, প্রথমে আইনশৃঙ্খলা বাহিনীর নিষ্ক্রিয়তা থাকলেও সেনাবাহিনীর নেতৃত্বে হামলাকারীদের দ্রুত প্রতিহত করা হয়েছে, যা প্রশংসনীয়। তিনি আরও বলেন, গোপালগঞ্জ কোনো সাধারণ জেলা নয়। ইসলাম ও মুসলমানদের কল্যাণে এর রয়েছে গৌরবময় ইতিহাস। এখানকার মানুষই এসব হামলার যোগ্য জবাব দেবে, ইনশাআল্লাহ। মামুনুল হক আরও বলেন, আজ যখন ফ্যাসিবাদের বিরুদ্ধে ঐক্য দরকার, তখনই দেখা যাচ্ছে- ফ্যাসিবাদবিরোধী দলগুলো নিজেরাই একে অপরের বিরুদ্ধে তীব্র ভাষা ব্যবহার করছে। এ ধরনের পারস্পরিক বিরোধ ফ্যাসিবাদীদের উৎসাহিত করছে। এখনই সময় ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ে তোলার।

খেলাফত মজলিস দলের মহাসচিব মাওলানা জালালুদ্দীন আহমদের পরিচালনায় এ সময় উপস্থিত ছিলেন দলের সিনিয়র নায়েবে আমির মাওলানা ইউসুফ আশরাফ, যুগ্ম মহাসচিব মাওলানা আতাউল্লাহ আমীন, মাওলানা তোফাজ্জল হোসাইন মিয়াজি, সাংগঠনিক সম্পাদক মাওলানা এনামুল হক মূসা, প্রচার ও প্রকাশনা সম্পাদক মাওলানা হারুনুর রশীদ, বায়তুলমাল সম্পাদক মাওলানা ফজলুর রহমান, অফিস সম্পাদক মাওলানা রুহুল আমীন খান প্রমুখ।

## থামল মেসির গোলের ধারাবাহিকতা

ব্রাজিলিয়ান মিডফিল্ডার ইভান্দার দুই গোল করে দলকে ৩-০ ব্যবধানে এগিয়ে দেন। এই গোলের মাধ্যমে ইভান্দার টানা পাঁচ ম্যাচে গোলের ধারাবাহিকতা বজায় রাখেন। এমএলএসে ইভান্দারের গোল এখন ১৫টি, মেসির ১৪, আর স্যাম সারিজ ১৭ গোল নিয়ে শীর্ষে রয়েছেন। ইন্টার মায়ামি এখন পর্যন্ত ২০ ম্যাচে ১১ জয়, ৫ ড্র ও ৪ হার নিয়ে ইস্টার্ন কনফারেন্সে পঞ্চম স্থানে আছে। শীর্ষে থাকা ফিলাডেলফিয়ার ৪৬ পয়েন্টের বিপরীতে তাদের পয়েন্ট ৩৮। মায়ামির হাতে এখনও ৩ ম্যাচ বাকি রয়েছে, যা জিতে তারা শীর্ষ স্থান দখলের সুযোগ রাখতে পারে।পরবর্তী ম্যাচে মায়ামি মুখোমুখি হবে নিউইয়র্ক রেড বুলসের সঙ্গে আগামী শনিবার।

## রাবিতে আওয়ামী লীগপন্থী তিন

আটক করে প্রক্টর দপ্তরে নিয়ে যান তারা। এক ঘণ্টা পর বিশ্ববিদ্যালয় প্রশাসনের সহযোগিতায় মতিহার থানা পুলিশ তাঁদের হেফাজতে নেয়। আটককৃতরা হলেনড়বিশ্ববিদ্যালয়ের সেকশন অফিসার পঙ্কজ কুমার, অর্থ ও হিসাব শাখার উপ-পরিচালক আমিনুল হক এবং সহকারী পরিচালক আবদুল্লাহ আল মাসুদ। সাবেক শিক্ষার্থীদের অভিযোগ, জুলাই গণআন্দোলনের সময় শিক্ষার্থীদের ওপর হামলায় এই তিন কর্মকর্তা প্রত্যক্ষভাবে জড়িত ছিলেন। তাঁদের বিরুদ্ধে বোয়ালিয়া থানায় দায়ের করা মামলায় নাম রয়েছে বলেও দাবি করেন তারা। বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের সাবেক শিক্ষার্থী আল আমিন বলেন, "আমরা গত সপ্তাহে রেজিস্ট্রার বরাবর অভিযোগ জানিয়েছিলাম। তিনি আজ দেখা করার সময় দিলেও আমাদের উপেক্ষা করেন। তাই বাধ্য হয়ে অভিযুক্তদের প্রক্টর অফিসে নিয়ে যাই এবং সেখান থেকে পুলিশকে জানানো হয়।"'জুলাই বিপ্লব চেতনা বাস্তবায়ন কমিটি'র আহ্বায়ক মো. মুস্তাফিজুর রহমান বলেন, "এই তিন কর্মকর্তা ১৬ জুলাই থেকে ৫ আগস্ট পর্যন্ত বিভিন্ন সময়ে শিক্ষার্থীদের ওপর হামলা চালিয়েছেন। তাঁদের বিরুদ্ধে মামলাও রয়েছে। কিন্তু তাঁরা জামিন না নিয়েই স্বাভাবিকভাবে চাকরি করে যাচ্ছেন। এটা অনভিপ্রেত।" অভিযুক্তদের একজন, সেকশন অফিসার পঙ্কজ কুমার বলেন, "আমি আন্দোলনের দিন বাসাতেই ছিলাম। কখনো কাউকে মারিনি। মামলার কথা শুনেছি, তবে কেউ আমাকে কিছু জানায়নি।" অপর আসামি আবদুল্লাহ আল মাসুদ বলেন, "ছাত্রজীবনে ছাত্রলীগ করলেও চাকরি জীবনে আমি নিরপেক্ষ। কোনো শিক্ষার্থীর ওপর আমি কখনও হামলা করিনি।" মতিহার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবদুল মালেক বলেন, "তাঁদের বিরুদ্ধে মামলা রয়েছে এবং তাঁরা এজাহারভুক্ত আসামি। প্রয়োজনীয় আইনি ব্যবস্থা নেওয়া হবে।" বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক মাহবুবুর রহমান বলেন, "পুলিশ আমাদের মামলা সংক্রান্ত প্রমাণ দেখিয়েছে। সেই ভিত্তিতেই তাঁদের পুলিশের কাছে হস্তান্তর করা হয়। তবে সাবেক শিক্ষার্থীদের এই ধরনের আচরণ কাম্য নয়। আইনশৃঙ্খলা রক্ষার দায়িত্ব পুলিশের, শিক্ষার্থীদের নয়।" ঘটনার পর থেকে বিশ্ববিদ্যালয়ে উত্তেজনা বিরাজ করছে। নিরাপত্তা জোরদার করা হয়েছে প্রশাসনিক ভবন ও প্রক্টর অফিস এলাকায়।

## টি-টোয়েন্টি সিরিজ জিতে শ্রীলঙ্কা

সিরিজ জিতে টাইগাররা। প্রায় দেড় মাসের সফর শেষে আজ দুপুরে ঢাকা শাহাজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পা রেখেছেন বাংলাদেশ ক্রিকেটাররা। সফরের শুরুতে টেস্ট সিরিজ ড্র হয়েছে, পরে ওয়ানডে সিরিজে ২-১ ব্যবধানে হেরে গেলেও টি-টোয়েন্টি সিরিজে দুর্দান্ত প্রত্যাবর্তন করেছে দল। টিম ম্যানেজার নাফিস ইকবাল বলেন, "আমাদের সবার আস্থা রাখতে হবে এই টিমের ওপর। আমরা যদি সাপোর্ট করি, ইনশাআল্লাহ এই টিম অনেক দূর যাবে।" বাংলাদেশের পরবর্তী প্রতিপক্ষ পাকিস্তান, যাদের দল ইতোমধ্যেই ঢাকায় পৌঁছেছে। শেরে বাংলা স্টেডিয়ামে ২০, ২২ ও ২৪ জুলাই অনুষ্ঠিত হবে তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ, প্রতিটি ম্যাচ শুরু হবে সন্ধ্যা সাড়ে ৬টায়।

## ইসরাইলকে মার্কিন 'শিকলে বাঁধা

যুক্তরাষ্ট্রও ইরানের তিনটি পারমাণবিক স্থাপনায় হামলা চালায়, যা ইরানের ওপর ব্যাপক চাপ সৃষ্টি করে। এর জবাবে ইরান কাতারে অবস্থিত যুক্তরাষ্ট্রের আল উদেইদ ঘাঁটিতে ক্ষেপণাস্ত্র হামলা চালায়। এই হামলা ইরানের সামরিক সক্ষমতা এবং প্রতিরোধের ইঙ্গিত বহন করে। খামেনি বলেন, ইরান যুক্তরাষ্ট্রের সংবেদনশীল ঘাঁটিতে আঘাত হানতে সক্ষম এবং ভবিষ্যতে আরও বড় ধরনের প্রতিশোধ নেওয়ার ক্ষমতা রয়েছে। তিনি যুক্তরাষ্ট্র ও ইসরাইলকে সতর্ক করেছেন যে, যেকোনো সামরিক হামলার জবাব দিতে ইরান পূর্ণ প্রস্তুত রয়েছে।।

## পাঞ্জাবজুড়ে ভয়াবহ বন্যা জরুরি

সেপ্টেম্বর পর্যন্ত প্রতি বছরই পাকিস্তানে মৌসুমি বৃষ্টি হয়, যা প্রায়শই প্রাণঘাতী বন্যা, ভূমিধস এবং গৃহচ্যুতি ঘটায়, বিশেষত দুর্বল নিষ্কাশন ব্যবস্থা ও ঘনবসতিপূর্ণ এলাকায়। এ খবর দিয়েছে অনলাইন ডন। পাঞ্জাব ওয়াসার মহাপরিচালক তৈয়ব ফারিদ বলেন, রাওয়ালপিণ্ডি, চাকওয়াল ও আশপাশের এলাকায় অতিবৃষ্টির কারণে নদীগুলো প্লাবিত হয়েছে। ফলে বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে। তিনি জানান, জরুরি উদ্ধারকারী দল মাঠে প্রস্তুত রয়েছে। নাগরিকদের অপ্রয়োজনীয় চলাফেরা থেকে বিরত থাকতে, বৈদ্যুতিক লাইনের কাছাকাছি না যেতে এবং খোলা ম্যানহোল থেকে দূরে থাকার পরামর্শ দেয়া হয়েছে।

## যে পদ্ধতিতে '১ জিবি ফ্রি ইন্টারনেট'

টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনও (বিটিআরসি) সিদ্ধান্ত অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা নিতেই এরই মধ্যে সব মোবাইল ফোন অপারেটরদের নির্দেশনা দিয়েছে। বিটিআরসির স্পেকট্রাম বিভাগের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল এস এম মনিরুজ্জামান জানিয়েছেন, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের গত ৩ জুলাইয়ের নির্দেশনা এবং ৮ জুলাই কমিশনের ভাইস-চেয়ারম্যানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী ৯ জুলাই মোবাইল অপারেটরদের নির্দেশনা দেওয়া হয়েছে। এতে বলা হয়েছে, ১৮ জুলাই তারিখে দেশের সব মোবাইল ফোন গ্রাহকদের ৫ দিন মেয়াদি ১ জিবি ইন্টারনেট সম্পূর্ণ বিনামূল্যে দিতে হবে।

## মেহেরপুরে জেলা যুবদলের পাল্টাপাল্টি বিক্ষোভ

মেহেদী হাসান রোলেক্স সহ গাংনী উপজেলা, মুজিবনগর উপজেলার সকল ইউনিট যুবদলের নেতৃবৃন্দ। সমাবেশে বক্তারা বলেন, দেশের ষড়যন্ত্র চলছে, যাদের এখনো দুধের দাঁত ভাঙ্গেনি তারা বিএনপি কে নিয়ে বিষাদগার করে, খুলনায় যুবদল নেতাকে রগ কেটে হত্যা করেছে কারা করেছে দেশের মানুষ তা জানে। এ ধরনের রাজনীতি কারা করে বুঝতে কারো বাকি নেই। আমরা রাজপথে লড়াই সংগ্রামে ছিলাম এবং এখনো আছি। নির্বাচন নিয়ে ষড়যন্ত্র চলছে, নির্বাচনকে পিছানোর জন্য আজকে গুটি কয়েক দল উঠে পড়ে লেগেছে। এই ষড়যন্ত্র শক্ত হাতে দমন করব। এই সরকারের উদ্দেশ্যে বলেন, দেশে আইন-শৃঙ্খলা অবনতির দায় এই সরকারকে নিতে হবে। আমরা বিগত দিনে লড়াই সংগ্রামে ঐক্যবদ্ধ ছিলাম এখনো থাকবে। তবে বিএনপির কমিটি গঠনকে কেন্দ্র করে বিভাজন এখন প্রকট রুপ নিয়েছে। আগামি জাতীয় নির্বাচনের আগে তাদের বিভাজন নিরসন না হয় তাহলে নির্বাচনে বড প্রভাব ফেলবে বলে মনে করছে সাধারণ মানুষ।

## পশুপ্রেম থেকে পরিশুদ্ধ জীবনে মিমি চক্রবর্তী

বিনোদন ডেস্ক

ভারতের জনপ্রিয় অভিনেত্রী মিমি চক্রবর্তীর প্রাণীপ্রেম নতুন কিছু নয়। নিজের পালিত কুকুরকে সন্তানসম ভালোবাসা দেওয়া নিয়ে বহুবার শিরোনামে এসেছেন তিনি। কিন্তু এবার তার জীবনযাত্রায় এসেছে এক অভিনব পরিবর্তন। কেবল অনুভূতির জায়গা থেকে নয়, প্রাণীদের প্রতি মমতার কারণে তিনি একে একে বিদায় জানাচ্ছেন মাছ-মাংসের মতো প্রিয় খাবারও। শুধু তাই নয়, আত্মিক প্রশান্তির খোঁজে তিনি এখন আরও বেশি করে মনোযোগী হয়েছেন ধর্মীয় রীতিনীতির চর্চায়। এক সময়ের স্টাইল আইকন এখন যেন হয়ে উঠছেন অন্তর্জগতের সন্ধানী। ভারতীয় গণমাধ্যম সূত্রে জানা যায়, টলিউড জানে মিমির শিবভক্তির কথা। পশুপ্রেম এবং স্রষ্টাভক্তির কারণে তিনি আমিষ খাবার ছেড়েছেন। মিমি মাছ, মাংস খান না। তার বাড়িতেও শিব লিঙ্গ রয়েছে। প্রতি শিবরাত্রিতে সেখানে পূজা দেন।পাশাপাশি, মন্দিরেও যান। এ ছাড়া, তার হাতে রয়েছে নৃত্যরত নটরাজের উল্কি।

এছাড়া পুরাণ অনুযায়ী, শ্রাবণ মাসকে বলা হয় শিবের মাস। হিন্দু শাস্ত্র অনুযায়ী, যারা শিবের ভক্ত তারা সোমবার শিবলিঙ্গে জল ঢেলে পূজা করেন এবং নিরামিষ খান। পুরো শ্রাবণ মাসজুড়ে যারা প্রতি দিন পূজা করতে পারেন না তারা অন্তত শ্রাবণ মাসের চারটি সোমবার নিয়ম পালনের চেষ্টা করেন। শ্রাবণ মাস শুরু হওয়ার আগেই সোমবারে মন্দিরে গিয়ে শিব পূজা দিয়েছেন মিমি চক্রবর্তী। সাদা সালোয়ার-কামিজ পরে মন্দিরে গিয়েছিলেন এই নায়িকা। রঙিন ফুলের গুচ্ছ। এ দিন তিনি নিষ্ঠাভরে শিবলিঙ্গ দুধ দিয়ে গোসল করান।



জনতা ক্লিনিক এন্ড ডায়াগনষ্টিক সেন্টার
জেনারেল হাসপাতাল রোড, বিএডিসি'র সামনে, মেহেরপুর
সিরিয়াল : ০১৩২৮-৯৮৬১১১, পরিচালক: ০১৭৬৫-৬৭৬৫৮৫, ০১৭১১-৩৫১১১৪
ডাঃ ফারহানা ফেরদৌসী
নবজাতক, শিশু, কিশোর ও কিশোরী রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন : প্রতিদিন সকাল ১০ টা থেকে দুপুর ২ টা পর্যন্ত।
ডাঃ মোঃ মাহমুদুর রহমান (শিমুল)
রক্তনালী (শিরা), হৃদরোগ, বক্ষব্যাধি, জেনারেল সার্জারী বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন : প্রতিদিন দুপুর ২ টা থেকে বিকাল ৫টা পর্যন্ত (শুক্রবার বাদে)।
ডাঃ মোছাঃ সাদিয়া আফরিন (সোমা)
স্ত্রী, প্রসূতি ও বন্ধ্যাত্ব রোগ চিকিৎসক সার্জন
রোগী দেখেন : প্রতিদিন দুপুর ৩ টা থেকে বিকাল ৬টা পর্যন্ত (শুক্রবার বাদে)।
ডাঃ মোঃ আফজালুর রহমান সিদ্দিকী (মুকুল)
চর্ম, যৌন ও এলার্জি রোগ বিশেষজ্ঞ
রোগী দেখার সময় প্রতি মঙ্গলবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।



কাফুর
ড্রিংকিং ওয়াটার
বিশুদ্ধ পানির বিশ্বস্ত নাম
হোটেল বাজার,
যাদবপুর রোড, মেহেরপুর
বিনামূল্যে হোম ডেলিভারি সুবিধা!
সরাসরি ঘরে পৌঁছে দিন বিশুদ্ধ পানির নিশ্চয়তা
RO ফিল্টার প্রযুক্তিতে বিশুদ্ধকর
স্বাস্থ্যসম্মত বোতল
দ্রুত সরবরাহ
আজই অর্ডার করুন!
ডেলিভারি হটলাইন:
০১৯২৩-১২১২৯১
০১৯২৩-১২১২৯৮
অফিস যোগাযোগ: ০১৯২৩-১৩১৩৫৪

মুক্তি ডায়াগনস্টিক সেন্টার
গাংনী মহিলা ডিগ্রী কলেজ রোড, গাংনী, মেহেরপুর।
সিরিয়াল ০১৯২৪-২৬০৭২০, ০১৩২২-৪৭১৪৪৮
ডা: মো: মাহবুবুর রহমান
মেডিসিন, ডায়াবেটিস, এ্যাজমা, উচ্চ রক্তচাপ ও হৃদরোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতি শুক্রবার সকাল ৮টা থেকে বিকাল ৫টা পর্যন্ত
ডা: আলাউদ্দিন- আল আজাদ
হাড় জোড়া, বাত ব্যাথা, ঘাড় ব্যাথা, মাজা ব্যাথা, শিরা রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতি সোমবার সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত
ডাঃ শিমু সাহিদা শাপলা
গাইনী,প্রসূতি ও স্ত্রী রোগবিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতিদিন সকাল ১০ টা থেকে২ টা পর্যন্ত।
ডা: এস.এম. মঞ্জুরুল আলম
হাড় জোড়া, বাত ব্যাথা, ঘাড় ব্যাথা, শিরা রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতি শুক্রবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত

আল হায়াত ডায়াগনস্টিক সেন্টার
চক্রপাড়া মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর।
সিরিয়াল: ০১৭২২-৭৭৯৫৫০, ০১৭৫৫-৭০৬৪৬৪
ডাঃ আব্দুল্লাহ আল রশিদ
চর্ম ও যৌন রোগে অভিজ্ঞ।
রোগী দেখেন: প্রতি সোমবার দুপুর ২.৩০ টাথেকে বিকাল ৫ টা পর্যন্ত
ডাঃ সাজিয়া আফরিন(সিমি)
গাইনী, প্রসুতি, স্ত্রী রোগের চিকিৎসক ও সার্জন।
রোগী দেখেন। প্রতি বৃহস্পতিবার বিকাল ৫ টা থেকে রাত ৮ টা পর্যন্ত ও প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকেরাত ৮ টা পর্যন্ত।
ডাঃএম. এম. জাহিদুল ইসলাম
উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, কোমর ব্যাথা, বাতজ্বর ,হাড় ব্যাথা, হাঁপানি.
ডায়াবেটিক ঘা এবং না শুকানো ক্ষতও পি আর পিচিকিৎসা দেওয়া হয়
রোগী দেখার সময়ঃ শনি-বুধবার দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত
ডাঃ আসাদুল্লাহ-আল-গালিব
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস- মেডিসিন (ফাইনাল পার্ট)
মেডিসিন,ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, হাপানি, কোমর ব্যথা ও বাত ব্যথাবিষয়ে অভিজ্ঞ মেডিকেল অফিসার : রাজশাহী মেডিকেল কলেজ
রোগী দেখার সময়ঃ প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত

রাজশাহী ডায়াগনস্ট্রিক সেন্টার
জেনারেল হাসপাতাল রোড, মেহেরপুর
সিরিয়াল : ০১৭৯২-১০৭৯৫০, ০১৭১৪-৮৩৮৬১১
ডাঃ ফাতেমা জান্নাত
এমবিবিএস (ঢাকা) সিএমইউ আল্ট্রা, পিজিটি (শিশু), মেডিসিন ও গাইনী
মেডিকেল অফিসার, রাজশাহী ডায়াগনস্ট্রিক সেন্টার, মেহেরপুর।
রোগী দেখেন : প্রতিদিন সকাল ৯ টা থেকে দুপুর ২টা ও বিকাল ৫ টা থেকে রাত ৮ টা।
ডা রবিউল ইসলাম আবির
এমবিবিএস (ঢাকা) সিএমইউ আল্ট্রা
রোগী দেখেন : প্রতিদিন সকাল ১০ টা থেকে রাত ৮ টা।
ডাঃ ফরহাদ পারভেজ
মেডিকেল অফিসার মেহেরপুর জেনারেল হাসপাতাল
রোগী দেখেন : প্রতিদিন দুপুর ২ টা থেকে রাত ৮ টা।
ডাঃ আকতার উজ্জামান
এমবিবিএস, ডিএমসি, ডিএমইউ( আল্টা)
রোগী দেখেন : প্রতিদিন সকাল ১০ - দুপুর ১ টা ও বিকাল ৪টা- সন্ধ্যা ৭ টা।

করবি ক্লিনিক এন্ড ডায়াগনষ্টিক সেন্টার
সততা সুপার মার্কেট ( হাজি ইছার উদ্দিনের মার্কেট)
বামুন্দি বাজার, গাংনী, মেহেরপুর। সিরিয়াল : ০১৭০৮-১৩১৮১৩
ডাঃ মোঃ মোস্তাফিজুর রহমান
নিউরো মেডিসিন ও উচ্চ রক্ত চাপ ডায়াবেটিস,স্ট্রোক প্যারালাইসিস রোগের চিকিৎসা।
এমবিবি এস ( ঢাকা মেডিকেল কলেজ), বিসিএস (স্বাস্থ্য), ইসিআরডি ( সুইজারল্যান্ড), এমএসিপি (আমেরিকা), (এমডি ফিজিক্যাল মেডিসিন), কনসালটেন্ট। কুস্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
রুগী দেখেন: প্রতি বুধবার দুপুর ২ টা থেকে রাত ৮ টা।
ডাঃ ইশরাত জেরিন (ইভা)
বন্ধ্যাত্ব, ঋতু স্রাব, অনিয়মিত মাসিক, গর্ভবতি মা ও শিশু, স্ত্রী ও প্রসুতি রোগে অভিজ্ঞ
এমবিবিএস, পিজিটি (গাইনী এন্ড অবস) , সিএমইউ (আল্ট্রা), স্ত্রী ও প্রসুতী রোগের বিশেষ অভিজ্ঞ
রুগী দেখেন: প্রতি সোমবার দুপুর ২:০০ টা থেকে রাত ৮ পা পর্যন্ত



মেসার্স রুশি ফার্মেসী
প্রোপাইটার মোঃ রিনু
এখানে সকল প্রকার দেশি-বিদেশি ঔষধ সুলভ মূল্যে বিক্রিকরা হয়।
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল গেট
মেহেরপুর
মোবাইল: ০১৭১১-৩১২২৩৫, ইমেইল:rinu000974@gmail.com

মোল্লা ডায়াগনষ্টিক এন্ড কনসালটেশন সেন্টার
হাসপাতাল বাজার (পোস্ট অফিসের পশ্চিমে) গাংনী, মেহেরপুর।
সিরিয়ালের জন্য: ০১৭৯৮-০১০৭০৭
ডাঃ মোঃ মশিউর রহমান মোল্লা
ডাঃ মোঃ আলী হায়দার
ডাঃ মোঃ আফজালুর রহমান সিদ্দিকী (মুকুল)
ডাঃ মোঃ সেলিম উদ্দীন
ডাঃ মোঃ ফারুক হোসেন
মেডিসিন, চর্ম ও শিশু রোগে অভিজ্ঞ
গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স গাংনী, মেহেরপুর



বিসমিল্লাহ্ ফামেসী
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু
সকল প্রকার দেশ-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪৩৩৩৮৬

মাইক্রোপ্যাথ ল্যাব
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল রোড, মেহেরপুর।
মোবাইল: ০১৭২৬-৪০৫৩০৪, সিরিয়াল: ০১৭৮৮-২২১৩৩৫
ডাঃ সোনিয়া আহমেদ
গাইনী ও প্রসুতি বিশেষজ্ঞ ও সার্জন
ডাঃ মোঃ শাহিদুল ইসলাম (শাহিদ)
মেডিসিন, হৃদরোগ (হার্ট), বাতজ্বর ও ডায়াবেটিস বিশেষজ্ঞ
ডাঃ মোঃ মাহবুবুর রহমান
মেডিসিন ও ক্রিটিক্যাল কেয়ার বিশেষজ্ঞ
রোগী দেখেন: প্রতি শনি থেকে বৃহস্পতিবার দুপুর ২:৩০ - বিকাল ৫:৩০ পর্যন্ত।
ডাঃ শাহারিয়া শায়লা
গাইনী, প্রসূতি, স্ত্রীরোগ বিশেষজ্ঞ ও সার্জন

রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।
মোবাইল ০১৭৬৬-৪৮৭৪০৯, ০১৭৬৮-৩৭৭১৯১, ০১৭৪০-৩৮৮৭৮৯
যে সকল ডাক্তারগণ নিয়মিত সেবা প্রদান করছেন
ডাঃ বি ডি দাস (পিকলু)
এম. বি. বি. এ. বি. সি. এস (স্বাস্থ্য), সি. এস. ইউ (আল্ট্রাসনো )
বাত ব্যাথ্যা, শিরা ও সার্জারী রোগের চিকিৎসক।
রোগী দেখার সময় : প্রতিদিন বেলা ২ টা হতে সন্ধ্যা ৭ টা।
ডা. মো: আব্দুল আল মারুফ
এমবিবিএস (রাজ) বিসিসে স্বাস্থ্য,এফসিপিএস(শিশু) শেষ পর্ব, এমএস শিশু. সার্জরী কোর্স বিএসএমএম ইউ, সিসিডি বার্ডেম, পিজিপিএন, শিশু পুস্টি ( বোস্টান ইউনিভুরসিটি আমেরিকা)
রোগী দেখার সময় : প্রতি বৃহস্পতিবার দুপুর ৩টা থেকে সন্ধ্যা ৬ টা
ডাঃ ইসরাত জেরিন ইভা
এম. বি. বি. এস. পি. জি. টি (গাইনী অ্যান্ড অবস্) , সি. এম. ইউ (আল্ট্রা)
গাইনী প্রসুতি মেডিসিন রোগের চিকিৎস, ( আবাসিক মেডিকেল অফিসার)
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ১০ টা হতে বিকাল ৫ টা।
পুস্টিবিদ: তরিকুল ইসলাম
বিপিএচি(নিউট্রিশন).এমপি এইচ(নিউট্রিশন), সিএমইউ এন্ড ডিএমইউ (আল্ট্রা), ডিপ্লমা ইন মেডিকেল ফ্যাকালটি, পুষ্টি বিশেষজ্ঞ
আমাদের সেবাসুমহ : বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ, কম্পিউটারাইজড প্যাথলজী, ডিজিটাল আলট্রাসনোগ্রাফী,হরমোন পরীক্ষা, ইসিজি এক্স-রে ও স্বল্প খরছে অপারেশন করা হয়



ত্রয়ী স্টোর এন্ড বুটিকস
স্টাইলে থাকুন, ট্রাডিশনে ফিরুন!
শাড়ি হোক বা সালোয়ার কামিজ, ওয়েস্টার্ন টপ হোক কিংবা হ্যান্ডলুম কুর্তি–
ত্রয়ী তে পাওয়া যায় ট্র্যাডিশন আর ট্রেন্ডের এক অনন্য মিশেল!
✓ এক্সক্লুসিভ বুটিক পোশাক
✓ হাতে তৈরি দেশি জামাকাপড়
✓ দেশি-বিদেশী কসমেটিকস
✓ কুকারিজ আইটেম
✓ ইউনিক গিফট আইটেম
✓ কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা
ফ্যাশনের সাথে আপনিও বদলান, নিজের মতন স্টাইলে
কেএন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০০৭৯৫

নিউ স্কায়ার ল্যাব
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড,মেহেরপুর।
সিরিয়ালের জন্য মোবাইল নম্বর : ০১৮৫৮-৯৫৬৯৩৩
ডাঃ মোঃ মাহাফুজুল হক সরকার
মেডিসিন, নিউরো,বক্ষব্যাধি,ডায়াবেটিস,গ্যাস্টলিভার,ব্যাতব্যাথা ও মনোরোগ চিকিৎসক
এমবিবিএস(আরইউ),ডিএফএম(বিসিএমইউ),এফসিপিএস পার্ট- ১, পিজিটি(মেডিসিন), সিসিডি(বারডেম),
রুগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯ টা হইতে সন্ধ্যা ৬ টা পর্যন্ত
ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির
মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্ত চাপ,ব্যাত ব্যাথা, ডায়াবেটিস,লিভার ও জন্ডিস রোগ চিকিৎসক
এমবিবিএস(ঢাকা) সিসিড বারডেম, সিএমইউ(আল্ট্রা)
রুগী দেখেন :প্রতিদিন সকাল ১০ টা হইতে দুপুর ২টা, বিকাল ৩ ট হতে রাত্রী ৮ টা।
ডাঃ তাসমেরী নাহার
স্ত্রী, প্রসূতি ও গাইনী রোগ চিকিৎসক , এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন : প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডা: সেজুঁতি মেহেতোজ
নি:সন্তান, বন্ধ্যাত্ব,গর্ভকালীন বিভিন্ন সমস্যা, শিশু ও গাইনী রোগের চিকিৎসক
এমবিবিএস(রাজশাহী),বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডাঃ ফরহাদ পারভেজ
মেডিসিন, বাতজ¦র,উচ্চ রক্তচাপ, ব্যাত ব্যাথা রোগের চিকিৎসক
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, শুক্রবার, ১৮ জুলাই ২০২৫ ইং

## মেহেরপুরের সড়ক: মৃত্যুর ফাঁদে বন্দি জনপদ

একটি শিশু যখন মায়ের কোল থেকেও বাঁচতে পারে না, যখন একজন কর্মকর্তা অফিস থেকে বাড়ি ফেরার পথেই জীবন হারান, কিংবা একটি হাস্যোজ্জ্বল কিশোর সকালে স্কুলে গিয়ে আর ফিরে না আসে: তখন বুঝতে অসুবিধা হয় না, আমরা কতটা অমানবিক একটি সড়কব্যবস্থার মাঝে বসবাস করছি। মেহেরপুর জেলার সাম্প্রতিক সড়ক দুর্ঘটনা আমাদের সামনে যে ভয়াবহ চিত্রটি তুলে ধরেছে, তা কেবল পরিসংখ্যান নয় এটি একেকটি রক্তমাখা বাস্তবতা। ২০২৫ সালের প্রথম ছয় মাসে প্রাণ গেছে অন্তত ২১ জনের, আহত হয়েছেন ৬৩ জনের বেশি। এই মৃত্যুগুলো কীভাবে হলো, কেন ঘটলো, কে দায়ী এসব প্রশ্নের উত্তর আমাদের জানা। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে আমরা কেবল নীরব দর্শক।
এ জেলার মানুষ অভিযোগ করছেন চালকদের বেপরোয়া মনোভাব, যানবাহনের অযত্ন, রাস্তাঘাটের করুণ অবস্থা এবং প্রশাসনের নিষ্ক্রিয়তা মিলে মেহেরপুরকে একটি মৃত্যুপুরীতে পরিণত করেছে। অথচ দুর্ঘটনার পরপরই আমরা দেখি প্রশাসনিক ভাষায় বলা হয়: "ঘটনাটি অনাকাঙ্ক্ষিত।"
আমরা প্রশ্ন রাখতে চাই একই ভুল বারবার হলে সেটিকে কি আর 'অনাকাঙ্ক্ষিত' বলা যায়? আরও যেটি ভয়াবহ, তা হলো বিচারহীনতা। নিহতদের পরিবার বেশিরভাগ সময় মামলা করে না। কারও সাহস নেই, কেউ ভয় পায়, কেউবা টাকা নিয়ে চুপ থাকে। ফলে চালকদের মধ্যে ভয় কাজ করে না, বরং আত্মবিশ্বাস জন্মায় "কিছুই হবে না।" প্রশাসনের দায়সারা তদন্ত, আদালতের দীর্ঘসূত্রতা ও প্রভাবশালীদের হস্তক্ষেপ সব মিলে দায়মুক্তির সংস্কৃতি গড়ে উঠেছে। আমরা দেখতে পাই, প্রতিটি দুর্ঘটনার পর স্থানীয় মানুষ কিছুদিন প্রতিবাদ করে, গণমাধ্যম কিছুদিন লেখে, তারপর আবার সবকিছু চাপা পড়ে যায়। এই যে স্মৃতিভ্রষ্ট সমাজ, এটাই আমাদের সবচেয়ে বড় দুর্ভাগ্য। আমরা চাই, রাস্তাঘাটের দ্রুত সংস্কার ও দুর্ঘটনাপ্রবণ এলাকা চিহ্নিত করে কার্যকর ব্যবস্থা গ্রহণ। সিসি ক্যামেরা, স্পিড মনিটরিং সিস্টেম এবং ট্রাফিক পুলিশের নজরদারি বৃদ্ধি। প্রতিটি দুর্ঘটনার নিরপেক্ষ তদন্ত ও বাধ্যতামূলক মামলা। চালকদের প্রশিক্ষণ, লাইসেন্স ব্যবস্থায় কঠোরতা এবং নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা। জনসচেতনতা বৃদ্ধিতে মিডিয়া, স্কুল ও স্থানীয় প্রশাসনের সমন্বিত উদ্যোগ। মেহেরপুরের সড়ক যেন আর কারও জীবনের শেষ ঠিকানা না হয়। প্রতিটি মৃত্যুর জন্য যেন কেউ দায় নেয়, প্রতিটি পরিবার যেন ন্যায্য বিচার পায় এটাই আমাদের দাবি।

# ফলের রাজ্যে মেহেরপুর সম্ভাবনার সুবাসে শস্যভূমি

মিজানুর রহমান অপু



বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম সীমান্তঘেঁষা ছোট জেলা মেহেরপুর। দীর্ঘদিন ধরে রাজনৈতিক ইতিহাস ও ভৌগোলিক অবস্থানের কারণে এই জেলার পরিচিতি ছিল সীমাবদ্ধ। কিন্তু সময় বদলেছে। এখন মেহেরপুর নতুন পরিচয়ে খ্যাত"ফলের রাজ্য" হিসেবে। এই জেলার উর্বর মাটি, অনুকূল জলবায়ু ও পরিশ্রমী কৃষকের হাতে গড়ে উঠেছে ফলচাষের এক স্বপ্নলোক। আম, লিচু, পেঁপে, পেয়ারা, কলা, ড্রাগন ফলসহ বহু ধরনের মৌসুমি ও বারোমাসি ফল এখানে বাণিজ্যিকভাবে উৎপাদিত হচ্ছে। শুধু কৃষিই নয়, এই ফলচাষ এখন এই জেলার অর্থনীতি, কর্মসংস্থান ও আত্মমর্যাদার প্রতীক হয়ে উঠেছে। মেহেরপুর জেলার তিনটি উপজেলা সদর, গাংনী ও মুজিবনগর জুড়ে এখন ধান বা পাটের মাঠের চেয়ে বেশি চোখে পড়ে আম, লিচু ও পেঁপের বাগান। বিশেষ করে গাংনী ও মুজিবনগর উপজেলার লিচু ও আমচাষ ইতোমধ্যে দেশজুড়ে জনপ্রিয়তা পেয়েছে। আম্রপালি, হিমসাগর, ল্যাংড়া, গোপালভোগ জাতের আম উৎপাদনে মেহেরপুর এখন অন্যতম। পাশাপাশি নতুন প্রজন্মের চাষিরা পেঁপে ও ড্রাগন ফলের চাষ করে বানিজ্যিক সফলতা পাচ্ছেন। এই ফলচাষই এখন মেহেরপুরের হাজারো মানুষের জীবিকার উৎস। এক পরিসংখ্যানে দেখা গেছে, শুধুমাত্র আম মৌসুমেই এখানে প্রায় ৫৭ হাজার মৌসুমি শ্রমিক কাজ করেন। তরুণ উদ্যোক্তারা চাকরির পেছনে না ছুটে জমি ভাড়া নিয়ে আধুনিক কৃষি প্রযুক্তি ও পরামর্শ নিয়ে বাগান তৈরি করছেন।এই জেলার ফল দেশের বিভিন্ন শহরে সরবরাহ হয়। আম, লিচু ও পেঁপে রাজধানী ঢাকাসহ চট্টগ্রাম, খুলনা, রাজশাহী এমনকি বিদেশেও পাঠানো হচ্ছে। তবে এতসব সাফল্যের মাঝেও কিছু গভীর সংকট ও সীমাবদ্ধতা রয়ে গেছে। প্রথমত, মেহেরপুরে এখনো ফল সংরক্ষণ ও প্রক্রিয়াজাতকরণে পর্যাপ্ত অবকাঠামো নেই। ফলে মৌসুম শেষে অনেক ফল নষ্ট হয় বা কম দামে বিক্রি করতে বাধ্য হন কৃষক। দ্বিতীয়ত, বাজারব্যবস্থায় দালালচক্রের প্রভাব কৃষকের ন্যায্য দাম পাওয়াকে বাধাগ্রস্ত করে। তৃতীয়ত, প্রাকৃতিক দুর্যোগ যেমন অতিবৃষ্টি, কালবৈশাখী বা অতিরিক্ত গরমে ফলের উৎপাদন ক্ষতিগ্রস্ত হয়। চতুর্থত, অধিকাংশ কৃষক এখনো প্রয়োজনীয় প্রশিক্ষণ ও প্রযুক্তি থেকে বঞ্চিত।
অনেকেই জানেন না কীভাবে কীটনাশক কমিয়ে জৈব চাষ করা যায়, অথবা কোন ফল কবে বাজারে পাঠালে সর্বোচ্চ দাম পাওয়া যাবে। এই সংকট মোকাবেলায় কিছু বাস্তবমুখী ও দীর্ঘমেয়াদি উদ্যোগ গ্রহণ করা জরুরি: ফল সংরক্ষণের জন্য কোল্ড স্টোরেজ ও প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র প্রতিষ্ঠা।
কৃষকদের জন্য প্রশিক্ষণ কেন্দ্র ও মাঠ পর্যায়ে পরামর্শদাতা নিয়োগ। বাজার ব্যবস্থায় সরাসরি কৃষক অংশগ্রহণের সুযোগ সৃষ্টি। ফলভিত্তিক পর্যটন গড়ে তোলা, যাতে দর্শনার্থী ও ক্রেতা উভয়েরই আগ্রহ বাড়ে। তরুণ উদ্যোক্তাদের জন্য সহজশর্তে কৃষি ঋণ ও ভর্তুকি প্রদান। সফল কৃষকদের রাষ্ট্রীয় স্বীকৃতি প্রদান, যাতে অন্যরাও উৎসাহিত হন।
(লেখক : সাংবাদিক)

# চাঁদাবাজি বন্ধে চাই আত্মিক জাগরণ ও সামাজিক প্রতিরোধ

আবদুল্লাহ আল মামুন

চাঁদাবাজি এক সময় গা ছমছমে অপরাধ মনে হলেও আজ এটি আমাদের দৈনন্দিন জীবনের একটি করুণ বাস্তবতা। স্কুলে ভর্তি হতে চাইলেও 'চাঁদা' দিতে হয়, দোকান চালু করলেও চাঁদা দাবি করা হয়, নির্মাণ কাজ শুরু করলেই কেউ চাপ দিয়ে টাকা আদায় করে। এমনকি রাজনৈতিক কর্মসূচি বা ধর্মীয় অনুষ্ঠানে অনেকে জোরপূর্বক অর্থ নেওয়াকে 'স্বাভাবিক' বলার চেষ্টা করেন। কিন্তু এটা কি আসলেই স্বাভাবিক?
ইসলামের দৃষ্টিতে চাঁদাবাজি শুধু সামাজিক অপরাধ নয়, এটি মারাত্মক কবিরা গুনাহ। এটি জুলুম ও দস্যুতার এক রূপ, যেখানে কেউ অন্যের উপার্জিত সম্পদ জোরপূর্বক, ভয়-ভীতি দেখিয়ে বা প্রভাব খাটিয়ে আদায় করে। যদিও চাঁদাবাজরা এটাকে 'অর্জন' মনে করতে পারে, শরিয়তে এটি স্পষ্ট হারাম এবং কঠিন শাস্তির বিধান রয়েছে। আল্লাহ তাআলা বলছেন: "তোমরা একে অন্যের সম্পদ অন্যায়ভাবে ভোগ করো না..." (সূরা নিসা: ২৯) রাসুলুল্লাহ (সা.) বলেছেন: "কোনো মুসলমানের সম্পদ তার আন্তরিক সম্মতি ছাড়া গ্রহণ করা যাবে না।" (বায়হাকি) অর্থাৎ জোর করে কারো থেকে অর্থ নেয়া সম্পূর্ণ নিষিদ্ধ। 'চাঁদা লেখা', 'চাঁদা তোলা' কিংবা 'চাঁদা নেওয়া'ড়এই তিন ক্ষেত্রেই সংশ্লিষ্ট সবাই গুনাহগার।
এতে সমাজের পারস্পরিক সম্মান ও আস্থা ভেঙে পড়ে। পবিত্র কোরআনে স্পষ্টভাবে বলা হয়েছে: "যারা আল্লাহ ও তাঁর রাসুলের সঙ্গে যুদ্ধ করে এবং ভূ-পৃষ্ঠে অশান্তি সৃষ্টি করে, তাদের শাস্তি হবে হত্যা, ফাঁসি, হাত-পা কাটা বা নির্বাসন।" (সূরা মায়িদাহ: ৩৩) এ আয়াত চাঁদাবাজি, ডাকাতি, ছিনতাই ও হত্যাকাণ্ডের মতো অপরাধের বিরুদ্ধে ইসলামের কঠোর অবস্থান তুলে ধরে। চাঁদাবাজরা শুধু দুনিয়ায় অন্যের সম্পদ কেড়ে নেয় না, তারা পরকালে কঠিন জবাবদিহির মুখোমুখি হবে। রাসুল (সা.) বলেছেন: "যে তার ভাইয়ের ওপর জুলুম করেছে, তাকে তার কাছ থেকে ক্ষমা নিতে হবে..." (মুসলিম) অর্থাৎ চাঁদাবাজি করে অর্জিত অর্থ কখনও হালাল হতে পারে না। এটি দুনিয়া-আখিরাত উভয়েই ধ্বংসের কারণ। ন্যায় ও শান্তিপূর্ণ সমাজ গড়তে হলে প্রয়োজন আত্মিক বিপ্লব। দরকার মূল্যবোধের পুনর্জাগরণ। শুধু আইন প্রয়োগ নয়, পরিবার, শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, মিডিয়া সব জায়গায় চাঁদাবাজির বিরুদ্ধে সজাগতা প্রয়োজন।
সবাইকে বার্তা দিতে হবে: জোরপূর্বক অর্থ আদায় হারাম, এটি অন্যায়। আজ আমরা একটি বিভ্রান্ত সমাজে বাস করছি যেখানে অন্যায়, অবিচার ও ভীতি প্রাধান্য। এ অন্ধকার থেকে মুক্তির একমাত্র পথ হলো নিজের সংশোধন, দুর্নীতির বিরুদ্ধে রুখে দাঁড়ানো এবং আল্লাহর কাছে তাওবা।
আল্লাহ তাআলা বলেন: "যারা মানুষের ওপর জুলুম করে এবং পৃথিবীতে বিদ্রোহ সৃষ্টি করে, তাদের জন্য রয়েছে বেদনাদায়ক শাস্তি।" (সূরা শুরা: ৪২) সুতরাং, যদি আমরা সত্যিই চাই নিরাপদ ও ন্যায়ভিত্তিক সমাজ, আমাদেরই হতে হবে পরিবর্তনের সূচনা।

## আজ আসছেন মনির হায়দার

কর্মকর্তাদের সঙ্গে আলোচনা করবেন।পরের দিন শনিবার সকাল ১১টায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে গাংনী উপজেলার সরকারি কর্মকর্তা ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের নিয়ে গাংনীর সমস্যা ও সম্ভাবনা নিয়ে মতবিনিময় অনুষ্ঠিত হবে। বিকাল ৩টায় মনির হায়দার মেহেরপুর ত্যাগ করবেন।বিগত ফ্যাসিস্ট সরকার বিরোধী মেহেরপুরের কৃতি সন্তান মনির হায়দার জনমত গঠনে স্যোসাল মিডিয়ার বিভিন্ন টকশো সহ দেশী বিদেশি রাজনৈতিক বিশ্লেষকদের মতামত প্রচার করেন। তিনি জুলাই আগষ্টে ছাত্র জনতার গণ আন্দোলনের প্রেক্ষাপট তৈরিতে গুরুত্বপূর্ণ অবদান রেখেছিলেন। পরবর্তীতে নতুন বাংলাদেশের নতুন সরকার গঠন হয়। এরপর প্রধান উপদেষ্টার আস্থাশীল ঘনিষ্ঠ ও বিশ্বস্ত হিসেবে তিনি প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী হিসেবে নিয়োগ পান। এ নিয়োগের পর আমেরিকা থেকে দেশে ফিরে আসেন। এর আগে ফ্যাসিস্ট সরকারের চাপে এবং হুমকির মুখে তিনি দেশ ত্যাগ করতে বাধ্য হন। ১২ বছর দেশ ছেড়ে প্রবাস জীবনে থাকাকালে তিনি সবচেয়ে মহামূল্যবান বাবা এবং মাকে হারিয়েছেন। কিন্তু তাদের সেবা করার এমনকি বিদায়ক্ষণে পাশে থাকার সুযোগ পাননি। দেশে সাংবাদিকতা করাকালীন তিনি টিভি টক শো করে এবং উপস্থাপক হিসেবে ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেন। সেই সময় সহজ ভাষায় সাদা কে সাদা, কালো কে কালো বলার দুঃসাহস তাকে জনপ্রিয় করে তোলে। তিনি অরাজনৈতিক ব্যাক্তি হলেও রাজনৈতিক অঙ্গনে তার ঈর্ষণীয় গ্রহণযোগ্যতা রয়েছে। এই সরকার দেশে রাজনৈতিক সংস্কার কমিশন গঠন করলে, মনির হায়দারকে প্রধান উপদেষ্টার প্রতিনিধি হিসাবে এই কমিশনে বাড়তি দায়িত্ব দিয়ে দলগুলোর সাথে সম্বন্বয়ের মাধ্যমে সংস্কার কমিশনের কাজ এগিয়ে নিতে বলা হয়। তখন থেকে তিনি জাতীয় সংলাপ আয়োজনের গুরুত্বপূর্ণ ভূমিকা হিসেবে পুরো সংলাপ অনুষ্ঠানের সঞ্চালকের কাজ করে যাচ্ছেন। সেই সাথে রাজনৈতিক দলগুলোর মধ্যে দূরত্ব ঘুচিয়ে সম্মিলিতভাবে সংস্কার প্রস্তাবে সর্মথন আদায়ে নিজের বুদ্ধি কৌশল দিয়ে কাজ করে চলেছেন। যা দেশের গণতন্ত্র ও স্বচ্ছ নির্বাচন অনুষ্ঠানে একদিন অনেক বড় অর্জন হিসেবে দেখা দিবে। মেহেরপুরের সন্তান হিসেবে সরকারের গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব গ্রহণের পর থেকে তিনি সরকারি দায়িত্বের পাশাপাশি এলাকায় বিভিন্ন সমস্যা ও উন্নয়ন নিয়ে কাজ করে যাচ্ছেন। পিছিয়ে পড়া এই জেলাকে এগিয়ে নিতে তিনি মেহেরপুর বিশ্ববিদ্যালয় স্থাপনের কাজটি প্রথম অগ্রাধিকার কাজ হিসেবে নিয়েছেন। বিশ্ববিদ্যালয়ের সেশন শুরু এবং জমি অধিগ্রহণের কাজ এখন চুড়ান্ত পর্যায়ে। মেহেরপুর জেনারেল হাসপাতালের সমস্যা সমাধান সহ জেলার স্বাস্থ্য সেবার মান বাড়াতে এবং কৃষি নির্ভর এই জেলার কৃষি ও কৃষক বাঁচাতে তিনি স্বাস্থ্য সচিব এবং কৃষি সচিবের সাথে দ্বিপাক্ষিক আলোচনা করে ধাপে ধাপে মেহেরপুরের স্বাস্থ্য ও কৃষি উন্নয়নে মহাপরিকল্পনা হাতে নিয়েছেন। তিনি জেলার যুবক তরুণ তরুণীদের দক্ষ জনবল তৈরিতে মেহেরপুর টিটিসিকে নতুনভাবে সক্রিয় করতে জনবল বৃদ্ধি সহ নতুন নতুন ট্রেড চালু এবং আধুনিক যন্ত্রপাতি ও গাড়ি সমস্যা সমাধানে কাজ শুরু করেছেন। মেহেরপুর কৃষি গবেষণা ইন্সটিটিউট প্রকল্প বন্ধের হাত থেকে রক্ষা করে আবার চালু করেছেন। শত ব্যাস্ততার পরও তিনি প্রতি শুক্রবার মেহেরপুর আসার চেষ্টা করেন এবং এলাকার সমস্য শুনতে এবং জানতে তিনি প্রশাসনিক সভা করে সেগুলো বাস্তবায়নে কাজ করে যাচ্ছেন। এভাবে স্বল্প সময়ে তিনি মেহেরপুরকে এগিয়ে নিতে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন।

## সাফল্য ও নতুন দিগন্ত

স্থানীয় কৃষি প্রশিক্ষণ কেন্দ্র থেকে আধুনিক চাষাবাদের কৌশল শিখে ফিরে গিয়ে তার ফসলের মান ও পরিমাণ উন্নত করেন। তিনি বর্তমানে নিজের খামারে আরও দুই নারীকেও প্রশিক্ষণ দিচ্ছেন। রাশিদার বিশ্বাস, "আমাদের মতো নারীরা যখন এগিয়ে যাবে, তখন আমাদের গ্রামের অর্থনীতি শক্তিশালী হবে।" রিতা খানম: ফেসবুক ও ইন্সটাগ্রামে নিজের তৈরি পোশাক বিক্রি করে স্বাবলম্বী হয়েছেন রিতা খানম। "প্রথমে কিছুটা ভয় ও অনিশ্চয়তা ছিল, কিন্তু প্রশিক্ষণের মাধ্যমে শিখেছি কিভাবে পণ্যের ছবি তুলে গ্রাহক আকৃষ্ট করতে হয়, অনলাইন পেমেন্ট করতে হয়," বললেন রিতা। তিনি বাড়ির কাজের পাশাপাশি নিজের ব্যবসা চালিয়ে যাচ্ছে। তার মাসিক আয় আগের তুলনায় তিনগুণ বেড়েছে। রিতা বলেন, "অনলাইন ব্যবসা আমার জন্য শুধু আয় নয়, আত্মবিশ্বাসের বিষয়। এখন আমি অন্য নারীদেরও উৎসাহ দিচ্ছি।" মেহেরপুরের নারী উদ্যোক্তাদের জন্য সরকারি ও বেসরকারি সংস্থা নানা প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করছে। যেখানে শেখানো হয় ডিজিটাল মার্কেটিং, ফেসবুক পেইজ পরিচালনা, গ্রাহক সেবা, পণ্যের ব্র্যান্ডিং ইত্যাদি। একজন প্রশিক্ষক জানান, "নারীরা খুব আগ্রহী, তারা দ্রুত শিখে নিজেদের ব্যবসা পরিচালনায় আত্মনির্ভর হয়ে উঠছে।" অন্যদিকে, নারী উদ্যোক্তা মেলায় তাদের উৎপাদিত পণ্য সরাসরি বিক্রি করার সুযোগ থাকে। এতে তারা সরাসরি গ্রাহকদের কাছ থেকে প্রতিক্রিয়া পান, যা তাদের উন্নয়নে সহায়ক হয়। মেহেরপুরের নারী উদ্যোক্তাদের সাফল্য সমাজে নারীর মর্যাদা ও অবস্থানকে নতুন উচ্চতায় নিয়ে গেছে। এখন তারা শুধু পরিবারের প্রধান অর্থোপার্জনকারী নন, পরিবারের সিদ্ধান্ত গ্রহণ
স্থানীয় সমাজকর্মী মাশরাফা বেগম বলেন, "নারীদের আত্মবিশ্বাস বাড়ায় তাদের স্বাবলম্বিতা। এরা নিজেদের উন্নয়নের মাধ্যমে সমাজের মানসিকতা বদলে দিচ্ছে।" নারীদের প্রধান চ্যালেঞ্জগুলোর মধ্যে রয়েছে পুঁজি সংকট, সামাজিক প্রতিবন্ধকতা, বাজারজাতকরণে অস্বচ্ছতা ও প্রযুক্তিগত দক্ষতার অভাব। তবে তারা দৃঢ় মনোভাব ও কঠোর পরিশ্রমে এগিয়ে যাচ্ছে। অনেক নারী উদ্যোক্তা সরকারি সহায়তা, প্রশিক্ষণ ও এনজিওর মাধ্যমে এই বাধাগুলো পেরিয়ে এসেছে। নারী উদ্যোক্তা নেলিনা পারভীন বলেন, "আরো সহজ শর্তে ঋণ প্রদান, ডিজিটাল লেনদেনের ওপর বেশি প্রশিক্ষণ ও বাজার ব্যবস্থাপনায় সহায়তা পেলে আমাদের কাজ আরও সহজ হবে।" মেহেরপুরের নারী উদ্যোক্তাদের সংগ্রাম ও সাফল্য শুধু তাদের ব্যক্তিগত জীবনের পরিবর্তন ঘটায়নি, বরং গোটা সমাজের মানসিকতা ও অর্থনৈতিক গঠনকে পরিবর্তন করেছে। এই নারীরা প্রমাণ করেছেনড় সঠিক সুযোগ ও প্রেরণা পেলে নারী তার লক্ষ্য অর্জনে কোনো বাধাই হতে পারে না। তাদের সাহস, দক্ষতা ও আত্মবিশ্বাস আগামী দিনের মেহেরপুরকে এক আলোকিত ও সমৃদ্ধ অঞ্চল হিসেবে গড়ে তুলবে।

## মেহেরপুরে বাজুসের ৬০ তম

হয়। অনুষ্ঠানে মেহেরপুর বাজুসের সভাপতি কিশোর পাত্রর সভপতিত্বে বক্তব্য রাখেন, বাজুসের সাধারণ সম্পাদক শেখ মোমিন, উপদেষ্টা সহাদেবপাত্র, সিনিয়র সহ সভঅপতি আব্দুল মজিদ খোকন যুগ্ম সমপাদক মোস্তাফিজুর রহমান মনা প্রমুখ। অনুষ্ঠানে সদস্যরা বলেন, বাংলাদেশ জুয়েলার্স অ্যাসোসিয়েশনের সভাপতি সায়েম সোবহান আনভীরের নেতৃত্বে এক ছাতার নিচে এসেছেন ব্যবসায়ীরা। স্বর্ণ শিল্পের আধুনিকায়ন হয়েছে। স্বর্ণের গুণাগুণ মান ও সঠিক মূল্য নির্ধারণ হওয়ায় ক্রেতা-বিক্রেতা মধ্যে সৌহাদ্যের সম্পর্ক সৃষ্টি হচ্ছে। মানুষের আস্থা বৃদ্ধির পাশাপাশি ব্যবসায়ীক শ্রেষ্ঠত্ব প্রতিষ্ঠিত হয়েছে।

## মোহাম্মদপুরে ১ ঘণ্টার ব্যবধানে দুই

চলছিল। এমন সময় মোটরসাইকেলযোগে তিনজন অস্ত্রধারী এসে ইব্রাহিমকে লক্ষ্য করে এলোপাতাড়ি গুলি ছোড়ে। গুলিবিদ্ধ হয়ে ঘটনাস্থলেই মারা যান তিনি। ইব্রাহিম পেশায় একজন প্রাইভেট কার চালক ছিলেন। স্থানীয়রা তাৎক্ষণিকভাবে প্রতিক্রিয়া জানিয়ে হামলাকারীদের ধাওয়া করে রুবেল (৩৫) ও সজীব (৩০) নামে দুজনকে একটি পিস্তল ও মোটরসাইকেলসহ আটক করে পুলিশে সোপর্দ করেন। ঠিক এক ঘণ্টা পর রাত ৯টার দিকে মোহাম্মদপুরের চাঁদ উদ্যান এলাকায় ঘটে দ্বিতীয় হত্যাকাণ্ড। স্থানীয়রা জানান, আল আমিন নামের যুবককে ছুরিকাঘাত ও কুপিয়ে হত্যা করে কিশোর গ্যাং সদস্যরা। নিহত আল আমিন স্থানীয়ভাবে পুলিশের সোর্স হিসেবে পরিচিত ছিলেন। কয়েকদিন আগে তিনি কিশোর গ্যাং লিডার ও মাদক ব্যবসায়ী মোশারফের ছোট ভাইকে পুলিশের কাছে ধরিয়ে দেন। এই ঘটনার প্রতিশোধ নিতে মোশারফ, গিট্টুসহ আরও কয়েকজন কিশোর সন্ত্রাসী চাঁদ উদ্যান ৬ নম্বর রোডের মাথায় তার ওপর হামলা চালায়। তেজগাঁও বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (এডিসি) জুয়েল রানা বলেন, "আমরা ঘটনাস্থলে রয়েছি। দুটি হত্যাকাণ্ডই অত্যন্ত গুরুত্ব সহকারে তদন্ত করা হচ্ছে। জড়িতদের দ্রুত গ্রেফতারে অভিযান চালানো হচ্ছে।" এদিকে, এক ঘণ্টার ব্যবধানে দুটি খুনের ঘটনায় স্থানীয় বাসিন্দাদের মধ্যে চরম উৎকণ্ঠা দেখা দিয়েছে। এলাকার নিরাপত্তা পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন অনেকে।

## '২৪-এর রঙে' গ্রাফিতি ও চিত্রাংকন

উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. খাইরুল ইসলাম। উপস্থিত ছিলেন সদর উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সাইদুর রহমান, কবি নজরুল শিক্ষা মঞ্জিলের প্রধান শিক্ষক সানজিদা ইসলাম, কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসরাইল হোসেন, মোমিনপুর বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জব্বারুল ইসলাম, জাতীয় নাগরিক কমিটির সদস্য খন্দকার মুইজুদ্দিন ও হাসমাত জামান সৈকত প্রমুখ।আয়োজকরা জানান, এ আয়োজনের মাধ্যমে শিক্ষার্থীরা সৃজনশীলতার পাশাপাশি ইতিহাস সচেতনতায় উদ্বুদ্ধ হবে। বিজয়ীদের পুরস্কৃত করা হবে।

## প্রধান উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ করলেন

আলম নিশ্চিত করেছেন। তিনি সামাজিক যোগাযোগ মাধ্যমে সোহেল তাজ, শারমিন আহমেদ এবং অধ্যাপক মুহাম্মদ ইউনূসের একসঙ্গে তোলা একটি ছবি পোস্ট করে লিখেছেন, বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমেদের জ্যেষ্ঠ কন্যা শারমিন আহমেদ এবং একমাত্র পুত্র তানজিম আহমেদ সোহেল তাজ বৃহস্পতিবার রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। শফিকুল আলম জানান, এই সাক্ষাতের মাধ্যমে প্রধান উপদেষ্টা এবং সোহেল তাজ পরিবারের মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক আরও দৃঢ় হলো।

## গাংনীতে টানা বৃষ্টিতে সড়কে ভাঙন

ফলে জনসাধারণের যাতায়াতে চরম দুর্ভোগ নেমে এসেছে।
সাধারণ মানুষ এবং চালকদের অভিযোগ, রাতে গর্তগুলো চোখে না পড়ায় দুর্ঘটনার ঝুঁকি আরও বেড়ে গেছে। এ অবস্থায় স্থানীয়দের অনেকেই লাঠির মাথায় লাল কাপড় বেঁধে গর্ত বা ধসে পড়া জায়গাগুলো চিহ্নিত করছেন, যাতে করে অন্তত দুর্ঘটনা কিছুটা হলেও এড়ানো যায়।
ভবানীপুর এলাকার বাসিন্দা ও পথচারী একরামুল বলেন, 'টানা বৃষ্টিতে রাস্তার পাশ ধসে গেছে। এখন রাস্তাগুলো দিয়ে চলাচল করা মানে নিজের জীবনের ঝুঁকি নেয়া। দ্রুত সংস্কার না করলে বড় কোনো দুর্ঘটনা ঘটে যেতে পারে।' একই এলাকার সোহেল রানা বলেন, 'রাস্তাগুলো এখন মৃত্যু ফাঁদে পরিণত হয়েছে। ভাঙা রাস্তায় প্রতিনিয়ত ছোটখাটো দুর্ঘটনা ঘটছে। স্কুলগামী শিশু, রোগী, সাধারণ মানুষড়সবাই আতঙ্কে রয়েছে।'
গাংনীতে যাতায়াতকারী অটোচালক, ভ্যানচালক ও ট্রাকচালকদের অভিযোগ, এসব ভাঙা সড়ক দিয়ে গাড়ি চালানো খুবই কষ্টকর ও ঝুঁকিপূর্ণ। প্রতিদিন গাড়ি বিকল হচ্ছে, দুর্ঘটনায় যাত্রী আহত হচ্ছে। স্থানীয় গাড়িচালক ফিরোজ আহমেদ বলেন, 'একেকটা জায়গায় এমন গর্ত হয়েছে, যা পাশ কাটিয়ে যাওয়া কঠিন। অটো, ট্রাকসহ সব ধরনের যানবাহন ঝুঁকিতে পড়েছে। কোনো রকমে গাড়ি চালিয়ে পরিবার চালাচ্ছি, কিন্তু এভাবে আর কত দিন?' এ বিষয়ে গাংনী উপজেলা প্রকৌশলী ফয়সাল হোসেন বলেন, 'উপজেলার ক্ষতিগ্রস্ত সড়কগুলো আমরা পরিদর্শন করেছি। জনগণের দুর্ভোগ কমাতে দ্রুত মেরামতের কাজ শুরু করা হবে।'

## গাংনীতে কুরআনের আলো ছড়াল ২৬

প্রতিযোগিতায় দুটি বিভাগে (হিফজ ও ক্বিরাত) মোট ২৬ জন প্রতিযোগী অংশগ্রহণ করেন। হিফজ বিভাগে ১৫ জন ও ক্বিরাত বিভাগে ১১ জন প্রতিযোগী কুরআনের তিলাওয়াত ও হিফজ প্রদর্শন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আয়োজক মাদ্রাসার চেয়ারম্যান মো. এনামুল হোসেন। প্রধান অতিথি ছিলেন আহলুস্ সুন্নাহ হুফ্ফাজ ফাউন্ডেশন বাংলাদেশের প্রশিক্ষণ সেন্টারের প্রশিক্ষক হাফেজ ক্বারী হাফিজুর রহমান রাফি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী তালিমুল কুরআন একাডেমির অধ্যক্ষ ও দারুসসালাম জামে মসজিদের খতিব মাওলানা হাফেজ রুহুল আমিন এবং দৈনিক নয়া দিগন্ত পত্রিকার গাংনী উপজেলা সংবাদদাতা প্রকৌশলী রাশিদুল ইসলাম বোরহান। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন মাদ্রাসার শিক্ষক আলহাজ হাফেজ মো. আমজাদ হোসেন, হাফেজ মাওলানা আরিফুল ইসলাম, হাফেজ আব্দুল্লাহ আল মামুন এবং সমাজসেবক হাসান সাঈদ সরোয়ার প্রমুখ।

## মুজিবনগরে শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন

শিক্ষার্থীদের পাঠ্যক্রমের অগ্রগতির বিষয়ে খোঁজখবর নেন। শিক্ষার্থীদের পড়াশোনায় আরও মনোযোগী হওয়ার পরামর্শ দেন। পরিদর্শনকালে জেলা প্রশাসকের সঙ্গে মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মন্ডল, সহকারী কমিশনার (ভূমি) নাজমুস সাদাত রত্ন, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মামুন উদ্দীন আল আজাদ, প্রাথমিক শিক্ষা কর্মকর্তা হাফিজুর রহমান এবং উপজেলা প্রকৌশলী এমদাদুল হক উপস্থিত ছিলেন।পরিদর্শন শেষে জেলা প্রশাসক শিক্ষা প্রতিষ্ঠানের আঙিনায় গাছ রোপণের উদ্বোধন করেন। তিনি বলেন, "পরিবেশ সচেতনতা গড়ে তুলতে শিক্ষার্থীদের মধ্যে গাছ লাগানোর প্রতি উৎসাহ দিতে হবে।" স্থানীয় শিক্ষক ও অভিভাবকরা প্রশাসনের এই উদ্যোগকে স্বাগত জানিয়ে আশা প্রকাশ করেছেন যে, এ ধরনের পদক্ষেপ শিক্ষাক্ষেত্রে ইতিবাচক প্রভাব ফেলবে।

## চুয়াডাঙ্গায় ছাত্র-জনতা মশাল মিছিল

মিছিলে অংশগ্রহণকারীরা বিভিন্ন প্রতিবাদী স্লোগান দিতে থাকেন। তারা বলেন, গোপালগঞ্জে শান্তিপূর্ণ কর্মসূচিতে হামলা করে নৈরজ্য ও ত্রাসের রাজত্ব কায়েম করতে চাচ্ছে। তা ঐক্যবদ্ধ ছাত্র জনতা রুখে দিবে। বক্তারা এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান এবং হামলাকারীদের দ্রুত বিচারের আওতায় আনার দাবি জানান। মিছিলে স্থানীয় ব্যবসায়ীরাও অংশ নেন। মিছিলে উপস্থিত ছিলেন- জেলা এনসিপির প্রধান সমন্বয়কারী খাজা আমিরুল বিশার বিপ্লব, যুগ্ম সমন্বয়কারী আমির হোসেন সোমার, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক সদস্য সচিব সাফফাতুল ইসলামসহ নেতাকর্মীরা।

## যুক্তরাজ্যে বেকারত্ব বেড়ে ৪ বছরের

লেবার পার্টির সরকার গত বছরের অক্টোবরে কর বৃদ্ধি করে, যা এ বছর এপ্রিল থেকে কার্যকর হয়েছে। একই মাসে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যুক্তরাজ্যের পণ্যের ওপর ১০ শতাংশ শুল্ক আরোপ করেন। অন্যদিকে, জুনে মূল্যস্ফীতি ১৮ মাসের মধ্যে সর্বোচ্চ পর্যায়ে পৌঁছেছে। এর ফলে শ্রমবাজারে দুর্বলতা এবং বেতন বৃদ্ধির গতি হ্রাস পাওয়া গেছে, যা সুদের হার কমানোর সম্ভাবনাকে বাড়িয়েছে। কেপিএমজি ইউকে-এর প্রধান অর্থনীতিবিদ ইয়ায়েল সেলফিন বলেন, "শ্রমবাজারে ধীরগতি ও বেতনের চাপ হ্রাসের কারণে ব্যাংক অব ইংল্যান্ড সম্ভবত আগামী মাসে সুদের হার কমাবে।" সম্প্রতি প্রকাশিত তথ্য অনুযায়ী, মে মাসে যুক্তরাজ্যের অর্থনীতি টানা দ্বিতীয় মাস সংকুচিত হয়েছে, যা নতুন সরকার ও প্রধানমন্ত্রী কিয়ার স্টারমারের জন্য বড় চ্যালেঞ্জ।

## মেহেরপুরে কিশোরীদের মাঝে

(ইরেসপো)-২য় পর্যায়"-এর আওতায় সচেতনতামূলক প্রশিক্ষণ ও উপকরণ বিতরণ কার্যক্রম অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার (১৭ জুলাই) দুপুরে সদর উপজেলার সিএমসি মাধ্যমিক বিদ্যালয়ের মিলনায়তনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোঃ খায়রুল ইসলাম। তিনি বিদ্যালয়ের শিক্ষার্থীদের হাতে প্রশিক্ষণ সংক্রান্ত উপকরণ তুলে দেন এবং তাদের উদ্দেশ্যে উদ্বুদ্ধমূলক বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার ফারুক উদ্দিন এবং প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) সাইদুর রহমান। এছাড়াও বক্তব্য রাখেন সিএমসি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক খালিদ রুমি। বক্তারা বলেন, কিশোরী বয়সে নানা সামাজিক চ্যালেঞ্জ মোকাবিলায় প্রশিক্ষণ, সচেতনতা ও দক্ষতা অর্জন অত্যন্ত জরুরি। বিআরডিবির এ ধরনের উদ্যোগ আগামী দিনে আত্মপ্রত্যয়ী ও আত্মনির্ভরশীল সমাজ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। উল্লেখ্য, প্রশিক্ষণে অংশগ্রহণকারী কিশোরীদের মাঝে স্বাস্থ্য, পরিচ্ছন্নতা, আত্মরক্ষা ও পুষ্টি বিষয়ে সচেতনতামূলক দিকনির্দেশনা দেওয়া হয় এবং প্রয়োজনীয় উপকরণ সরবরাহ করা হয়।

## গাংনীতে জামায়াতের মিছিল

হাইস্কুল মাঠ থেকে মিছিলটি শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। মিছিলে ব্যানার, ফেস্টুন ও বিভিন্ন দাবিসংবলিত স্লোগানে মুখর ছিল গাংনী পৌর এলাকা। মিছিলে নেতৃত্ব দেন গাংনী উপজেলা জামায়াতের আমির ডা. মোহাম্মদ রবিউল ইসলাম। উপস্থিত ছিলেন উপজেলা সেক্রেটারি মাওলানা জাহাঙ্গীর আলম, মেহেরপুর-২ আসনে জামায়াত মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী নাজমুল হুদা, গাংনী পৌর জামায়াতের বাইতুল মাল সম্পাদক জিল্লুর রহমান, কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও জামায়াত নেতা মো. আলম হোসাইন, পৌরসভার কাউন্সিলর আলমগীর হোসেন প্রমুখ। মিছিলের আগে সভাপতির বক্তব্যে ডা. রবিউল ইসলাম বলেন, আসন্ন জাতীয় সংসদ নির্বাচন যেন কোনো রকম প্রহসন না হয়, সেজন্য জনগণের ৭ দফা দাবি বাস্তবায়ন অপরিহার্য। আমরা একটি অবাধ ও অংশগ্রহণমূলক নির্বাচন চাই, যেখানে জনগণের ভোটাধিকার নিশ্চিত হবে। সেক্রেটারি মাওলানা জাহাঙ্গীর আলম বলেন, গোপালগঞ্জে আমাদের শান্তিপূর্ণ সমাবেশে হামলা চালিয়ে সরকার গণতান্ত্রিক অধিকার হরণ করেছে। এই ঘটনার তীব্র নিন্দা জানাই এবং দোষীদের বিচারের আওতায় আনার দাবি জানাচ্ছি।

## গোপালগঞ্জে জুলাই গণ-অভ্যুত্থানের

অধিবাসীদের প্রতি আওয়ামী লীগের দীর্ঘদিনের রাজনৈতিক বৈষম্য, দমনপীড়ন এবং ধর্মীয় সংখ্যালঘুদের প্রতি অবিচার চলমান রয়েছে। এনসিপি এসব অন্যায়ের বিরুদ্ধে অবস্থান নিয়েছে বলে দাবি করেন তিনি। নাহিদ ইসলাম তাঁর পোস্টে আওয়ামী লীগকে 'সন্ত্রাসবাদী সংগঠন' আখ্যা দিয়ে বলেন, "আওয়ামী লীগ যুগের পর যুগ ধরে গোপালগঞ্জের মানুষের জীবনকে বিপন্ন করেছে, মুক্তিযুদ্ধকে কলুষিত করেছে এবং সনাতন ধর্মাবলম্বীদের সাথে বেইনসাফি করেছে।" তিনি আরও বলেন, "মুজিববাদী সন্ত্রাসীরা পরিকল্পিতভাবে আমাদের শান্তিপূর্ণ কর্মসূচির ওপর সশস্ত্র হামলা চালিয়েছে। যেরকমটা জুলাই গণঅভ্যুত্থানেও হয়েছিল। আওয়ামী লীগ সব সময় একটা গৃহযুদ্ধ পরিস্থিতি তৈরি করতে চায়।"এনসিপি আহ্বায়ক জানান, তাঁরা চারজন কর্মীর মৃত্যুর খবর পেয়েছেন এবং সেই ঘটনায় প্রশাসনের নিষ্ক্রিয়তাকে দায়ী করেছেন। "প্রশাসন ও গোয়েন্দা সংস্থা যদি সঠিক সময়ে পদক্ষেপ নিত, তাহলে এ পরিস্থিতি তৈরি হতো না," বলেন নাহিদ।
তিনি স্পষ্টভাবে বলেন, "কোনো বিচারবহির্ভূত হত্যাকাণ্ডকে আমরা সমর্থন করি না। সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে সন্ত্রাসীদের গ্রেপ্তার করতে হবে। শুধু গোপালগঞ্জ নয়, সারা দেশেই এ অভিযান চালাতে হবে।" নাহিদ ইসলামের অভিযোগ, তাদের পদযাত্রা ঠেকাতে গোপালগঞ্জে বিভিন্ন উপজেলার রাস্তা ও বাস আটকে দেওয়া হয়। তারপরও তারা সেখানকার পথসভা শান্তিপূর্ণভাবে শেষ করতে পেরেছে বলে জানান তিনি। তবে অনুষ্ঠান শেষে ফেরার পথে সশস্ত্র হামলা হয় বলে দাবি তার। তিনি ঘোষণা দেন, "আমরা গোপালগঞ্জে আবারও যাব। আমরা জীবিত থাকলে গোপালগঞ্জের প্রতিটি উপজেলায়, প্রতিটি গ্রামে কর্মসূচি করব। গোপালগঞ্জের প্রতিটা ঘরে ঘরে জুলাই গণুঅভ্যুত্থানের পতাকা উড়বে।" মুজিববাদ বিরোধী অবস্থান পুনর্ব্যক্ত করে নাহিদ ইসলাম বলেন, "মুজিববাদকে গোপালগঞ্জ ও বাংলাদেশের মাটিতে দাঁড়াতে দেব না।" তিনি শহীদ বাবু মোল্লা ও শহীদ রথীন বিশ্বাসের নাম উল্লেখ করে বলেন, "তাদের রক্তের ঋণ শোধ করতেই আমরা গোপালগঞ্জকে মুজিববাদীদের হাত থেকে পুনরুদ্ধার করব।"

## ছাত্রলীগ নেতার হুমকি, অনলাইন

ঘটনার পর বুধবার (১৬ জুলাই) রাত ১২টার দিকে শিমুল সদর থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি নং: ১০৩৭) করেছেন। হুমকির একটি অডিও কল রেকর্ড সামাজিক মাধ্যমে ভাইরাল হয়েছে, যা নিয়ে স্থানীয়ভাবে উত্তেজনা ছড়িয়ে পড়েছে।
জিডিতে শিমুল উল্লেখ করেন, মঙ্গলবার দুপুরে নিজের "শিমুল মিডিয়া" অফিসে থাকার সময় সজিব হোসেন ফেসবুক ম্যাসেঞ্জারে কল করে ভিডিও শেয়ারের কারণ জানতে চান। শিমুল জবাব দিলে সজিব বলেন, "জুলাই তো আবার আসবে, সামনে তুই কোথায় থাকবি? তোর চোখে গুলি করে হত্যা করা হবে।" অভিযুক্ত সজিব হোসেন শৈলকূপা উপজেলার কদমতলা গ্রামের বাসিন্দা। গত বছরের আন্দোলনের পর থেকেই তিনি পলাতক রয়েছেন। এ বিষয়ে ঝিনাইদহ সদর থানার ওসি আব্দুল্লাহ আল মামুন জানান, "বিষয়টি গুরুত্বের সঙ্গে তদন্ত করে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।" তদন্ত করছেন এসআই মনোজ কুমার। উল্লেখ্য, শিমুল হোসেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় ঝিনাইদহে ভিডিও ও প্রচার কার্যক্রমে যুক্ত ছিলেন এবং ওই আন্দোলনের জেলা সমন্বয়ক এলমা খাতুনের স্বামী।

## দরিদ্র শিক্ষার্থী ও কৃষকদের পাশে

(ভূমি) নাজমুস সাদাত রত্ন, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মামুন উদ্দীন আল আজাদ, প্রাথমিক শিক্ষা কর্মকর্তা হাফিজুর রহমান, উপজেলা প্রকৌশলী এমদাদুল হক ও মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুকসহ অন্যান্যরা। উপজেলা প্রশাসনের পক্ষ থেকে এদিন মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয়গুলোকে খেলার সামগ্রী হিসেবে ১০০টি ফুটবল, ১২টি ভলিবল, ১২টি ক্রিকেট সেট এবং ৭০০টি বিভিন্ন প্রজাতির ফলজ ও বনজ গাছের চারা বিতরণ করা হয়। এছাড়াও দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের মাঝে ৩০টি বাইসাইকেল, কৃষকদের মাঝে ৪০টি কীটনাশক স্প্রে মেশিন এবং দরিদ্র নারীদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ২২টি সেলাই মেশিন বিতরণ করা হয়। মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সের রুগীদের জন্য ২০ টি সিলিং ফ্যঅন প্রদান করা হয়।